# বার্ষিক রিপোর্ট
## ২০২৩-২০২৪



সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ এন্ড সোসাল অ্যাকশন (কারসা)
Centre for Advanced Research and Social Action (CARSA)

# বার্ষিক রিপোর্ট
## ২০২৩-২০২৪

কারসা


উপস্থাপনায়

**অধ্যাপক ড. আবুল হোসেন আহমেদ কামাল**

নির্বাহী পরিচালক


সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ এন্ড সোসাল অ্যাকশন (কারসা)

Centre for Advanced Research and Social Action (CARSA)



# চেয়ারম্যান-এর বাণী



বেসরকারি খাতের মধ্যে ক্ষুদ্রঋণের ভূমিকা অনিবার্য। মাইক্রো ফিন্যান্স ইন্সটিটিউশনগুলো দেশের ইতিবাচক অর্থনৈতিক পরিবর্তনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। জীবনমান উন্নয়নের লক্ষ্যে কর্মসংস্থানের জন্যে কারসা বিভিন্ন আকারের বিনিয়োগ কর্মসূচি গ্রহণ করেছে এবং সফলভাবে ঋণ কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে।

কারসার এক বছরের সামগ্রিক কার্যক্রম এতে বিস্তারিত ও নিপুনভাবে তুলে ধরা হয়েছে। কারসার মাইক্রোফাইন্যান্স চলমান একটি কর্মকাণ্ড। এপর্যন্ত কারসা ৫টি জেলার ১৭টি উপজেলায় মোট ৬৭৪টি গ্রামে বিস্তৃতি লাভ করেছে। ১৯টি ব্রাঞ্চের মাধ্যমে এ বছর পর্যন্ত সংস্থার সদস্য সংখ্যা দাঁড়িয়েছে ২৪,৮১৭ জন। জুন ২০২৪ পর্যন্ত কারসার ক্রমপুঞ্জীভূত ঋণ বিতরণ ১,১০৩ কোটি টাকা। ক্রমপুঞ্জীভূত ঋণ আদায়ের হার ৯৯.২৩%। ঋণ বিতরণ, ঋণস্থিতি, সঞ্চয় স্থিতি, উদ্বৃত্ত আয় ইত্যাদি ক্ষেত্রে অগ্রগতি অব্যাহত আছে। সব ঠিক থাকলে আগামী অর্থবছরে আমরা আরও ৫টি ব্রাঞ্চ বৃদ্ধি করতে পারব। আলোচ্য অর্থবছরে কারসা তার টার্গেট গ্রুপের মধ্যে ১৪৬.৭৭ কোটি টাকা ঋণ বিতরণ করে উদ্যোক্তাদের পাশে থাকতে সক্ষম হয়েছে। বিভিন্ন কুটির শিল্প আমাদের ঐতিহ্য। সেই ঐতিহ্যকে আমরা নানাভাবে উৎসাহিত করেছি। কুটির শিল্পে বিনিয়োগের মাধ্যমে যেমন শিল্পকে বাঁচিয়ে রাখার কর্তব্য করছি, তেমনি কুটির শিল্পের প্রসার বৃদ্ধিতে বাজার তৈরি ও ভোক্তা হিসেবে নিজেদের অবস্থান বিনির্মাণে কাজ করে চলেছি। আমরা সকল কুটির শিল্পের উত্তোরোত্তর সাফল্য কামনা করি।

সংস্থার সকল স্তরে সুশাসন ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে কারসার সর্বোচ্চ নীতিনির্ধারণী পর্যায় হলো সাধারণ পরিষদ। বিভিন্ন ক্ষেত্রে প্রতিষ্ঠিত ও সামাজিক উন্নয়নে অঙ্গীকারাবদ্ধ স্বনামধন্য ও জ্ঞানীগুণী ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত সংস্থার সাধারণ পরিষদ। বার্ষিক সাধারণ সভায় তাঁদের পরামর্শ ও দিকনির্দেশনা মোতাবেক পরিকল্পনা বাস্তাবায়নের জন্যে নির্বাহী কমিটি নিয়মিত মিটিং-এর মাধ্যমে কারসার ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে পরামর্শ ও দিক নির্দেশানা দিয়ে থাকে। তারই ধারাবাহিকতায় গত অর্থবছরে নির্বাহী কমিটির ৫টি সভা অনুষ্ঠিত হয়েছে। এ সকল সভায় সম্মানিত সদস্যগণ সংস্থার বিভিন্ন কার্যক্রম নিয়ে স্বতঃস্ফুর্ত আলোচনা করেছেন এবং দিকনির্দেশনা প্রাদন করেছেন। তাদের এ সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ জানাই।

পিকেএসএফ-এর অর্থসহায়তায় সমৃদ্ধি কর্মসূচির আওতায় স্কুল থেকে ঝরে পড়া রোধে গ্রামের সুবিধাবঞ্চিত দরিদ্র ও নিরক্ষর পরিবারের শিশুদের জন্য শিক্ষা সহায়তা কর্মসূচি একটি ভিন্ন মাত্রার উদ্যোগ। গ্রামেরই কোনো এসএসসি পাশ বা কলেজ পড়ুয়া মেয়ে কিংবা কোনো শিক্ষিত গৃহবধু বাড়ির উঠানে বা বারান্দায় মাতৃস্নেহের পরশ দিয়ে আমাদের শিক্ষাকেন্দ্রের শিশুদের বিকেল ৩টা থেকে ৫টা পর্যন্ত পড়াচ্ছেন, তার সুফল অনস্বীকার্য। একই সাথে প্রবীণ জনগোষ্ঠী, যুবদের নিয়ে কাজ সহ স্বাস্থ্যখাতেও কারসা নিরলসভাবে কাজ করে যাচ্ছে; যার ফলে আমাদের কর্মএলাকায় মার্তৃমৃত্যু এবং শিশু মৃত্যুর হার জাতীয় গড় হারের চেয়ে কম।

কারসার অগ্রযাত্রায় শুভাকাঙ্ক্ষী, সহযোগী ও অংশগ্রহণকারী কর্মকর্তাদেরকে আন্তরিক শুভেচ্ছা জানাই। তাদের অক্লান্ত পরিশ্রমের ফলে সংস্থা বর্তমান অবস্থান অর্জন করতে পেরেছে। ভবিষ্যতে এই যাত্রা অব্যাহত থাকবে সেই প্রত্যাশা রাখি।

কারসার কার্যক্রমে সাহায্য ও সহযোগিতার জন্যে এমআরএ, পিকেএসএফ, জয়েন্ট স্টক কোম্পানীজ এ্যান্ড ফার্মস, স্থানীয় প্রশাসন সহ সংশ্লিষ্ট সকলকে আমার আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

সকলের প্রতি ভালোবাসা ও শুভেচ্ছান্তে,



**ড. সৈয়দ তারিকুজ জামান**

চেয়ারম্যান।

# নির্বাহী পরিচালক-এর বাণী



অত্যন্ত আনন্দের বিষয় যে, বাইরের কোন আর্থিক অনুদান ছাড়াই কারসা'র কর্মকাণ্ড ও কর্মপরিধি এবং এর পরিমানগত ও গুণগত মান সম্প্রসারিত করেছে। এই অব্যাহত অগ্রগতি ও কর্মকাণ্ড বিস্তৃতির ধারাবাহিকতায় ২০২৩-২০২৪ অর্থবছরেও কারসা দরিদ্র জনগোষ্ঠীর আয়বর্ধনের জন্য জাগরণ ক্ষুদ্র ঋণ, কর্মসৃজন ও উৎপাদন বৃদ্ধির জন্য অগ্রসর ঋণ, কৃষির সার্বিক উন্নয়নের জন্য সুফলন ঋণ, সম্পদ সৃষ্টি ও জীবনযাত্রার মানোন্নয়নের লক্ষ্যে ঋণ, হতদরিদ্র মানুষদের এগিয়ে নেওয়ার জন্য বুনিয়াদ ক্ষুদ্র ঋণ এবং সমৃদ্ধি কর্মসূচির মাধ্যমে দরিদ্র ও নিরক্ষর পিতামাতার ৬৭১ জন শিশু সন্তানের লেখাপড়ায় সহায়তা করা হয়েছে।

যুবরাই শক্তি, দেশ গড়ার কারিগর- এই কথা স্মরণে রেখে 'যুব উন্নয়ন প্রশিক্ষণ' পরিচালনা করা হচ্ছে। যুব নারী পুরুষদের স্বনির্ভর ও উন্নয়নমুখি করে তোলার জন্য এ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তাদেরকে বিভিন্ন রকম কর্মমুখী প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ক্ষেত্রবিশেষে তাদের চাকরি খুঁজতে সহায়তা করা হচ্ছে। তরুণ সমাজকে কল্যাণের পথে পরিচালিত করতে উন্নয়নমুখি কর্মসূচির বিকল্প নেই। তাই তাদেরকে সাথে নিয়েই এলাকার বিভিন্ন প্রয়োজনীয় উন্নয়নশীল কর্মকাণ্ড পরিচালনার পাশাপাশি সুস্থ সাংস্কৃতিক কার্যক্রম পরিচালনা করা হয়। এলাকার প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ কাজে সকলের অংশগ্রহণ নিশ্চিত করতে ইউনিয়ন সমন্বয় সভা করা হয়েছে। সভা নিয়মিত পারস্পারিক মত বিনিময়ের ভিত্তিতে ইউনিয়নের উন্নয়নের জন্য কাজ করে থাকে।

বাংলাদেশ এখন এক ঐতিহাসিক সময় অতিক্রম করছে, যখন মোট জনসংখ্যার প্রায় অর্ধেক যুব সমাজ। এই বিশাল তারুণ্যকে সঠিক কাজে নিযুক্ত করতে পারলে দেশের উন্নতি অবশ্যম্ভাবী বলে কারসা বিশ্বাস করে। সেই উপলব্ধি থেকে কারসা ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনার পাশাপাশি মানুষের পাশে থেকে তার উন্নয়নের জন্যে সহায়ক ভূমিকা পালন করে চলেছে। অভাবের কবলে আক্রান্ত মানুষের জন্য বিভিন্ন প্রকল্প পরিকল্পনা করে তাদের সহজ শর্তে ঋণ প্রদান, ঋণের টাকা সঠিক বিনিয়োগ নিশ্চিত করার মাধ্যমে পারিবারিক আয়ের ব্যবস্থা সচল রেখেছে। কারসার সাফল্যে যুক্ত দীর্ঘ দিনের সদস্যরা বেশী করে ঋণ নিয়ে প্রকল্প বড় করার সুযোগ পাচ্ছেন, ফলে তারাও বিভিন্ন রকম কর্মসংস্থানের মাধ্যমে স্থানীয় অর্থনীতিকে গতিশীল রাখছেন। কারসা সকল সদস্যের সম্ভাব্য সকল প্রকল্প বাস্তবায়নের জন্যে প্রয়োজনীয় ঋণ প্রাপ্তির ব্যবস্থা করে এলাকার উন্নয়নে অগ্রণী ভূমিকা রেখে চলেছে। প্রতি বছর কারসার ঋণ নিয়ে বিভিন্ন ধরনের উদ্যোক্তা নারী-পুরুষের সংখ্যা বেড়ে চলেছে, তাদের অংশগ্রহণ যুক্ত হয়ে সাফল্যময় করে তুলছে কারসার প্রতিটি পদক্ষেপ। মানুষের শখ পুরনেও কারসার ভূমিকা রয়েছে, জীবনমানের পরিবর্তন মানুষকে নতুন স্বপ্নে উদ্দীপ্ত করে আর তাদের সফলতার গল্প আমাদের আশান্বিত করে।

বরাবরের মত দেশের অর্থনীতিতে নিজেদের ক্ষুদ্র পরিসরে অর্থনৈতিক উন্নয়নের কাজে অংশগ্রহণ কাজ অব্যাহত রাখতে পেরে আমরা আনন্দিত। কারসার ধারাবাহিক কর্মকাণ্ডে অংশগ্রহণকারী উদ্যোমী কর্মী-কর্মকর্তাদের আন্তরিক ধন্যবাদ জানাই। সেই সাথে সকলকে তার যায়গা থেকে সঠিকভাবে দায়িত্ব পালনের জন্যও আহ্বান জানাচ্ছি। সকলে যদি তার জন্য নির্ধারিত দায়িত্ব সঠিকভাবে পালন করেন, সফলতা আসতে বাধ্য।

কারসার কার্যক্রম পরিচালনায় সার্বিক সহযোগিতার জন্যে সংস্থার চেয়ারম্যান এবং নির্বাহী কমিটির সকল সদস্যকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। সংস্থার কার্যক্রমের অগ্রগতিতে সার্বিক সহযোগিতার জন্য পিকেএসএফ এর সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতি আমার কৃতজ্ঞতা প্রকাশ করছি। পর্যবেক্ষণ ও মতামত প্রদান করে সংস্থার কার্যক্রমকে তত্ত্বাবধায়ন করার জন্য এমআরএ-কে ধন্যবাদ জানাচ্ছি। সার্বিক সহযোগিতার জন্য জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মসসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

সকলের প্রতি ভালোবাসা ও শুভেচ্ছান্তে,

**আবুল হোসেন আহমেদ কামাল**
নির্বাহী পরিচালক।

## কারসা পরিচিতি

দারিদ্র্যের দুষ্টচক্রে আটকে থাকা বিপুল জনগোষ্ঠীর জীবনমানের পরিবর্তন করতে নিশ্চিত অর্থনৈতিক স্বচ্ছলতা প্রয়োজন। বাংলাদেশের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার অংশীদার হিসেবে দারিদ্র্য মুক্ত দেশ গড়ার লক্ষ্য নিয়ে ১৯৯৬ সালে সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ এন্ড সোসাল অ্যাকশন (কারসা) কাজ শুরু করে। আর্থিক স্বচ্ছলতার সহায়ক কাজ সৃষ্টি ও পরিচালনা করতে অর্থ বিনিয়োগের সামর্থ্য না থাকার কারণে দারিদ্র্য নিরসন বাঁধা হয়ে দাঁড়ায়।

টেকসই উন্নয়নের লক্ষ্যে দারিদ্র্য বিমোচন এবং জীবনমানের উন্নয়ন করতে সামগ্রিক দৃষ্টিভঙ্গি প্রয়োজন। কারসা অনুধাবন করে ক্ষুদ্রঋণের মাধ্যমে দারিদ্র্য হ্রাস করার পথে গুরুত্বপূর্ণ অবদান রাখা সম্ভব। দারিদ্র্য বিমোচনের জন্য ঋণ একটি গুরুত্বপূর্ণ অনুষঙ্গ এবং ঋণ প্রাপ্তি দরিদ্র মানুষের অধিকার। সেক্ষেত্রে ক্ষুদ্রঋণের মাধ্যমে দারিদ্র্য নিরসন করা গেলে মানুষের মৌলিক অধিকার বাস্তবায়নের পথে একধাপ এগিয়ে যাওয়া যাবে। মানুষের শিক্ষা, স্বাস্থ্যের মত মৌলিক অধিকার অর্জনের জন্য কাজ করতে পারলে জীবনমানের উন্নয়ন করার পদক্ষেপও নিশ্চিত হয়। জীবনমানের উন্নতি করতে হলে সামগ্রিক ভাবে কাজ করতে হবে। শুরুতেই ক্ষুদ্রঋণ কর্মসূচি গ্রহণ না করলেও এই উপলব্ধির যায়গা থেকে কারসা ক্ষুদ্রঋণ কার্যক্রম নিয়ে যাত্রা শুরু করে। ক্ষুদ্রঋণর চার দশকের ইতিহাসে বাংলাদেশের দরিদ্র জনগোষ্ঠীর আয়ের ব্যবস্থার সহায়ক মাধ্যম হিসেবে ক্ষুদ্রঋণ অনেক বড় ভূমিকা রাখছে।
১৯৯৭ সাল থেকে কারসা পিকেএসএফ-এর সহযোগী সংস্থা হিসেবে সম্পৃক্ত হয়। উল্লেখ্য, অদ্যাবধি কারসা পিকেএসএফ-এর কার্যক্রমের অংশীদার হিসেবে কার্যক্রম পরিচালনা করে আসছে।

## লক্ষ্য

সদস্যদের স্বনির্ভর করে গড়ে তুলতে সুনির্দিষ্ট নিয়ম কানুনের মাধ্যমে সাংগঠনিক কাঠামোর আওতাভুক্ত করে দারিদ্র্য দূর করা এবং এলাকার শিক্ষিত বেকার নারী-পুরুষদের কর্মসংস্থান সৃষ্টি করা।

## উদ্দেশ্য

আমাদের উদ্দেশ্য হচ্ছে ভূমিহীন বৃত্তহীন দরিদ্র জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচনের জন্য কর্মসংস্থান সৃষ্টি করা, আয় বৃদ্ধি করা, সচেতনতা সৃষ্টি করা ও ক্ষমতায়ন করা।

## মূল্যবোধ

নবধারা প্রবর্তন, অন্তর্ভুক্তি করণ, ন্যায়পরায়ণতা, সততা ও নিষ্ঠা, দলবদ্ধ কাজের প্রেরণা, স্বচ্ছতা ও দায়বদ্ধতা, মানবিক মর্যাদা

## প্রতিষ্ঠাকালীন সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| ১ | অধ্যাপক ড. আবুল হোসেন আহমেদ কামাল | সাবেক অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয় (সংস্থার প্রতিষ্ঠাতা চেয়ারম্যান) |
| ২ | অধ্যাপক ড. মাহবুব উল্লাহ | সাবেক অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয় ও প্রাক্তন চেয়ারম্যান, বোর্ড অব ডিরেক্টরস, সোনালী ব্যাংক লিঃ |
| ৩ | অধ্যাপক ড. ওয়াহিদ উদ্দিন মাহমুদ | অর্থনীতিবিদ ও প্রাক্তন চেয়ারম্যান, পিকেএসএফ |
| ৪ | ড. সালেহ উদ্দিন আহমেদ | অর্থনীতিবিদ ও প্রাক্তন গভর্নর, বাংলাদেশ ব্যাংক |
| ৫ | মির্জা ফখরুল ইসলাম আলমগীর | প্রাক্তন প্রতিমন্ত্রী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার (সংস্থার প্রতিষ্ঠাতা সেক্রেটারি) |
| ৬ | জনাব এম.এ. মালেক | ব্যবসায়ী ও সমাজসেবক |
| ৭ | জনাব রওনক আহমেদ | সমাজসেবক |

# কারসার পরিচালনা ও ব্যবস্থাপনা

## উপদেষ্টা পরিষদ

সংস্থার গুরুত্বপূর্ণ বিষয়াবলীতে পরামর্শ গ্রহণের জন্য একটি উপদেষ্টা পরিষদ রয়েছে। উপদেষ্টা পরিষদের সদস্যগণ-

| | | |
|---|---|---|
| ১ | জনাব আলবাব আখন্দ | অর্থনীতিবিদ |
| ২ | জনাব আবদুর রশিদ | প্রকৌশলী ও সমাজসেবক |
| ৩ | ড. মোসলেহ উদ্দিন আহমেদ | পদার্থ বিজ্ঞানী |
| ৪ | জনাব মোঃ মতিউর রহমান | অবসরপ্রাপ্ত সচিব ও সমাজসেবক |
| ৫ | ডাঃ আহমেদ হাসান | চিকিৎসক ও সমাজসেবক |
| ৬ | জনাব আহমেদ সেফাত | প্রকৌশলী ও সমাজসেবক |

## সাধারণ পরিষদ

সংস্থার সকল স্তরে সুশাসন ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে কারসার সর্বোচ্চ নীতিনির্ধরণী পর্যায় হলো সাধারণ পরিষদ। বিভিন্ন ক্ষেত্রে প্রতিষ্ঠিত ও সামাজিক উন্নয়নে অঙ্গীকারাবদ্ধ স্বনামধন্য ও জ্ঞানীগুণী ব্যক্তিবর্গের সমন্বয়ে সংস্থার সাধারণ পরিষদ গঠিত হয়েছে।

সাধারণ পরিষদে বর্তমানে ২৭ জন সদস্য আছেন। তাঁদের নাম ও পরিচয় -

| | | |
|---|---|---|
| ১ | অধ্যাপক ড. মাহবুব উল্লাহ | প্রাক্তন অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয় ও প্রাক্তন চেয়ারম্যান, বোর্ড অব ডাইরেক্টরস, সোনালী ব্যাংক লিমিটেড |
| ২ | জনাব সৈয়দ মাঈনুল হক | সমাজসেবক ও আইনজীবী |
| ৩ | ড. হোসেন জিল্লুর রহমান | অর্থনীতিবিদ ও প্রাক্তন উপদেষ্টা, তত্ত্বাবধায়ক সরকার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার |
| ৪ | জনাব সুলতানা রেবু | সাংস্কৃতিক কর্মী ও শিক্ষাবিদ |
| ৫ | জনাব এম.এ মালেক | ব্যবসায়ী ও সমাজসেবক |
| ৬ | জনাব রাহাত আরা বেগম | সমাজসেবক |
| ৭ | জনাব মোঃ মতিউর রহমান | অবসরপ্রাপ্ত সচিব ও সমাজসেবক |
| ৮ | জনাব আখতার হোসেন খান | অবসরপ্রাপ্ত সচিব ও সমাজসেবক |
| ৯ | জনাব মোহাম্মদ আলী আখন্দ | সমাজসেবক |
| ১০ | জনাব এ এইচ আহমেদ জামাল | ব্যবসায়ী ও সমাজসেবক |
| ১১ | ড. সৈয়দ তারিকুজ জামান | সমাজসেবক |
| ১২ | ডাঃ কাজী কামরুজ্জামান | চিকিৎসক ও সমাজসেবক, চেয়ারম্যান, ঢাকা কমিউনিটি হাসপাতাল |
| ১৩ | জনাব আকতার হামিদ মাসুদ | সমাজসেবক |
| ১৪ | জনাব তাহমিনা বেগম | অবসরপ্রাপ্ত অধ্যাপক ও সমাজসেবক |
| ১৫ | জনাব চৌধুরী মোশাররফ হুসাইন | সমাজসেবক |
| ১৬ | জনাব হরিপদ দাস | অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক ও সমাজসেবক |
| ১৭ | বেগম নিলুফার | গবেষক ও সমাজসেবক |
| ১৮ | প্রফেসর এ এইচআহমেদ নাছের | অবসরপ্রাপ্ত অধ্যক্ষ ও সমাজসেবক |
| ১৯ | ড. মুহম্মদ শহীদ-উজ-জামান | নির্বাহী পরিচালক, ইকো-সোসাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও) ও সমাজসেবক |
| ২০ | জনাব জয়ন্তকুমার বসু | সমাজসেবক |
| ২১ | জনাব মোঃ মিজানুর রহমান | ব্যবসায়ী ও সমাজসেবক |
| ২২ | জনাব মোঃ আকতার হোসেন সান্নামাত এফসিএ | চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস ও সমাজসেবক |
| ২৩ | জনাব মিফতা নাঈম হুদা | নির্বাহী পরিচালক, সেন্টার ফর ডেভেলপমেন্ট ইনোভেশন এন্ড প্র্যাকটিসেস (সিদীপ) ও সমাজসেবক |
| ২৪ | সৈয়দা সাকিনা মুমতাজ হক | সমাজসেবক |
| ২৫ | জনাব আবু নাসের আহমেদ ইসতিয়াক | অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয় ও সমাজসেবক |
| ২৬ | জনাব অরুপ রাহী | সমাজসেবক |
| ২৭ | জনাব আব্দুল কাদের মহিউদ্দিন | প্রভাষক, ঢাকা বিশ্ববিদ্যালয় ও সমাজসেবক |

# কারসা'র বর্তমান নির্বাহী কমিটি

২৭ অক্টোবর ২০২৩ হতে ২৭ অক্টোবর ২০২৬ পর্যন্ত ৩ (তিন) বছরের জন্য বা পরবর্তী নির্বাচন পর্যন্ত (যা আগে ঘটে) সর্বসম্মতভাবে নির্বাচিত নির্বাহী পরিষদের সদস্যগণ হলেন-



**ড. সৈয়দ তারিকুজ জামান**
চেয়ারম্যান



**প্রফেসর এ এইচ আহমেদ নাছের**
ভাইস চেয়ারম্যান



**জনাব জয়ন্তকুমার বসু**
ট্রেজারার



**অধ্যাপক ড. আবুল হোসেন আহমেদ কামাল**
সচিব



**জনাব মোহাম্মদ আলী আখন্দ**
সদস্য



**জনাব তাহমিনা বেগম এমপি**
সদস্য



**জনাব আবু নাসের আহমেদ ইসতিয়াক**
সদস্য



**জনাব মিফতা নাঈম হুদা**
সদস্য



**সৈয়দা সাকিনা মুমতাজ হক**
সদস্য

## নির্বাহী কমিটির সভা

২০২৩-২০২৪ অর্থবছরে কারসা'র নির্বাহী কমিটির মোট ৫টি সভা সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। সভাগুলোর নম্বর ও তারিখ নিম্নে প্রদত্ত হলো-

সভা নং - ১৮৬, তারিখঃ ৪ অক্টোবর ২০২৩।
সভা নং - ১৮৭, তারিখঃ ২৬ অক্টোবর ২০২৩।
সভা নং - ১৮৮, তারিখঃ ১৭ নভেম্বর ২০২৩।
সভা নং - ১৮৯, তারিখঃ ১৪ জানুয়ারি ২০২৪।
সভা নং - ১৯০, তারিখঃ ১৫ মার্চ ২০২৪।

প্রতিটি সভায় বিভিন্ন আলোচ্যসূচি ভিত্তিক আলোচনা শেষে ঐকমত্যের ভিত্তিতে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে থাকে এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সেগুলো যথাযথভাবে বাস্তবায়ন করে থাকেন।

## ব্যবস্থাপনা কর্তৃপক্ষ

সংস্থার নির্বাহী পরিচালক প্রতিষ্ঠানের মাঠ পর্যায় ও প্রধান কার্যালয়ে নিয়োজিত নিম্নোক্ত কর্মকর্তাদের সহায়তায় ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম পরিচালনা করেন। নিয়ম মাফিক মাসিক ও সাপ্তাহিক সভা ছাড়াও প্রয়োজনে তাৎক্ষণিকভাবে সংস্থার বিভিন্ন স্তরে সভা অনুষ্ঠিত হয়ে থাকে।

## প্রধান কার্যালয়ের কর্মকর্তাদের নাম ও পদবি



**অধ্যাপক ড. আবুল হোসেন আহমেদ কামাল**
নির্বাহী পরিচালক



**জনাব আবদুল কাইউম**
উপ-নির্বাহী পরিচালক



**জনাব মোঃ সিরাজুল ইসলাম**
পরিচালক (এফএএম)



**জনাব মোঃ ইকরামুল হক**
সিনিয়র ডিজিএম (হিসাব)



**জনাব এম এ জলীল**
সিনিয়র এজিএম (এফএএম)



**জনাব দানিয়েল হালদার**
অফিসার (হিসাব ও আইটি)



**মোঃ মাহফুজুর রহমান জুবায়ের**
অফিস ট্রেইনি



**জনাব রুবেল বকাউল**
গাড়ি চালক



**খন্দকার মো: সফিকুল ইসলাম**
পিওন

## সামাজিক কার্যক্রম



জনাব মোঃ মনিরুজ্জামান
পরিচালক, সামাজিক কার্যক্রম

## অডিট বিভাগ



জনাব মোঃ এনামুল হক মিঞা
সিনিয়র এজিএম



জনাব মোহাম্মাদ ইউনুস আলী
সিনিয়র এএম



জনাব তৌহিদুজ্জামান
এএম

## এরিয়া ম্যানেজার



জনাব মোহাম্মদ আসাদউজ্জামান
শরীয়তপুর এরিয়া



জনাব শহিদুল ইসলাম
মাদারীপুর এরিয়া



জনাব মো: নাহিদ হাসান
ভাংগা এরিয়া

# ব্রাঞ্চ ম্যানেজার



মোঃ বশির আহমেদ
মস্তফাপুর



মোঃ আক্কাছ আলী
ভাংগা



বিমল চন্দ্র রায়
সদরপুর



মোঃ ফারুক হোসেন মৃধা
কার্তিকপুর



আল আমিন শরীফ
গোসাইরহাট



মোঃ কামরুল হাসান
শিবচর



মোহাম্মদ আল-ইমরান
জাজিরা



মোঃ নাসিরউদ্দিন মোল্লা
কালকিনি



মোঃ নজরুল ইসলাম
মাদারীপুর



মোঃ ছালাম হোসেন
আংগারিয়া



মোঃ রফিকুল ইসলাম
কালামৃধা



মোঃ সেলিম হোসেন
দত্তপাড়া



সুব্রত সিকদার
নড়িয়া



আঃ রাজ্জাক
ভেদরগঞ্জ



মোঃ আলী আজগর
টেকেরহাট



জুবায়ের হোসেন
মহারাজপুর



মোঃ রিপন হাওলাদার
আলীনগর



মোহাম্মদ তাওহীদুল ইসলাম
সাহেবরামপুর



মোঃ ফরিদ উদ্দিন
ছিলারচর

# সহকারি ব্রাঞ্চ ম্যানেজার



অমিত দাস
মাদারীপুর



রেশমা
সাহেবরামপুর



আজাদ হোসেন
মস্তফাপুর



সাগর খান
গোসাইরহাট



মোঃ মিলন হোসেন
দত্তপাড়া



মোঃ কামরুল হাসান
ভাংগা



কামরুজ্জামান
আলীনগর



সালমান শাহ
শিবচর

## কারসার তহবিলের উৎস

কারসার সকল কার্যক্রমের অর্থায়ন হয়ে আসছে তিনটি উৎস থেকে, যেমনঃ সদস্যদের জমাকৃত সঞ্চয়, পিকেএসএফ ও ব্যাংক থেকে প্রাপ্ত ঋণ এবং কারসার নিজস্ব উদ্ধৃত্ত তহবিলসমূহ।

## ২০২৩-২০২৪ অর্থবছরের কার্যক্রমের সার সংক্ষেপ

কারসা ২০২৩-২০২৪ অর্থবছরে ৩০তম কর্মজীবন পার করছে। বাংলাদেশ সহ বিশ্বব্যাপী নানা ঝুঁকি মোকাবিলা করে অন্যান্য বছরগুলোরমত আলোচ্য অর্থবছরেও আমাদের অর্জন আছে। সংক্ষিপ্ত আকারে নিম্নে ঋণ ও অন্যান্য কার্যক্রমের উল্লেখযোগ্য দিক তুলে ধরছি-

## আলোচ্য প্রতিবেদনের সার-সংক্ষেপ

## আর্থিক অবস্থা

২০২৩-২০২৪ অর্থবছর শেষে কারসার কর্মকাণ্ড ৫টি জেলার ১৭টি উপজেলায় মোট ৬৭৪টি গ্রামে বিস্তৃতি লাভ করেছে। ১৯টি ব্রাঞ্চের মাধ্যমে এ বছর পর্যন্ত সংস্থার সদস্য সংখ্যা দাঁড়িয়েছে- ২৪,৮১৭ জন। জুন ২০২৪ পর্যন্ত কারসার ক্রমপুঞ্জীভূত ঋণ বিতরণ ১,১০৩ কোটি টাকা। ক্রমপুঞ্জীভূত ঋণ আদায়ের হার ৯৯.২৩%। ঋণ বিতরণ, ঋণস্থিতি, সঞ্চয় স্থিতি, উদ্বৃত্ত আয় ইত্যাদি ক্ষেত্রে অগ্রগতি অব্যাহত আছে।

- আলোচ্য বছরে সর্বমোট আয় হয়েছে ১৮,৯৪,৪৪,৪০২/- টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ১৫,১০,৯০,৬১২/- টাকা। এ বছরে উদ্বৃত্ত ৩,৮৩,৫৩,৭৯০/- টাকা। ক্রমপুঞ্জিভূত উদ্বৃত্ত দাঁড়িয়েছে ১৭,৩০,০০,৬৫৯/- টাকা।

- এ অর্থবছর শেষে সংস্থার মাঠ পর্যায়ে ঋণস্থিতি দাঁড়িয়েছে ৯৫.২৭ কোটি টাকা (আসল)। এছাড়া ব্যাংকে স্থায়ী আমানত ৫.৯৩ কোটি টাকা ও এসএনডি হিসাবে ১৫.৪৫ কোটি টাকাসহ সর্বমোট বিনিয়োগ দাঁড়িয়েছে ১১৬.৬৫ কোটি টাকা।

- জুন ২০২৪-এ কারসার মোট দায় রয়েছে ১০১,৬১,৯১,৪৪৮/- টাকা এবং এর বিপরীতে সংস্থার সম্পত্তি দাঁড়িয়েছে ১১৮,৯১,৯২,১০৭/- টাকা।

- ২০২২-২৩ অর্থবছরে সাধারণ সঞ্চয়ের পরিমাণ ছিল ২১.০৬ কোটি টাকা এবং ২০২৩-২৪ অর্থবছরে এই সঞ্চয় আরও ১.৬৬ কোটি টাকা বৃদ্ধি পেয়ে সঞ্চয় দাঁড়িয়েছে ২২.৭২ কোটি টাকা। গত ২০২২-২৩ অর্থবছরে মেয়াদী আমানতের পরিমাণ ছিল ৬.৩০ কোটি টাকা ২০২৩-২৪ অর্থবছরে এই সঞ্চয় আরও ৫৬ লক্ষ টাকা বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৬.৮৬ কোটি টাকা। জুন ২০২৪ পর্যন্ত সংস্থার সর্বমোট সঞ্চয় স্থিতি দাঁড়িয়েছে ৩১.৯৪ কোটি টাকা যা মোট ঋণস্থিতির ৩৩.৫২%।

- আলোচ্য অর্থবছরে ঋণ বিতরণ করা হয়েছে প্রায় ১৪৬.৭৭ কোটি টাকা, পূর্বের বছরে যা ছিল ১২৪.৩২ কোটি টাকা। অর্থাৎ, আলোচ্য বছরে ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে ১৮.০৫%। গত অর্থবছরে মোট ঋণের স্থিতি ছিল ৮৩.৯১ কোটি টাকা এবং এ অর্থবছরে তা বেড়ে দাঁড়িয়েছে ৯৫.২৭ কোটি টাকা। অর্থাৎ, পূর্বের বছরের তুলনায় ঋণস্থিতি বৃদ্ধি পেয়েছে প্রায় ১৩.৫৪%।

- ২০২৩-২৪ অর্থবছর শেষে ব্রাঞ্চ-প্রতি ঋণস্থিতি দাঁড়িয়েছে ৫.০১ কোটি টাকা। একইভাবে ব্রাঞ্চ-প্রতি সঞ্চয় স্থিতি দাঁড়িয়েছে ১.৬৮ কোটি টাকা। অন্যদিকে আলোচ্য বছরে ফিল্ড অফিসার প্রতি ঋণস্থিতি দাঁড়িয়েছে ১.১৩ লক্ষ টাকা এবং সঞ্চয় স্থিতি দাঁড়িয়েছে ৩৮.০২ লক্ষ টাকা।

- জুন ২০২৪-এ মোট খেলাপি ঋণের পরিমাণ হয়েছে ৭.৮২ কোটি টাকা যা মোট ঋণস্থিতির ৮.২%। পূর্বের বছর খেলাপির পরিমাণ ছিল ৬.৮৭ কোটি টাকা। জুন ২০২৪ পর্যন্ত সংস্থার কু-ঋণের পরিমাণ হচ্ছে ৫.৬৭ কোটি টাকা। উক্ত কু-ঋণের বিপরীতে কু-ঋণ সঞ্চিতি খাতে ৮.০৪ কোটি টাকা হিসাব-ভুক্ত করে রাখা হয়েছে।

**২০২৩-২৪ অর্থবছরে কোন নতুন ব্রাঞ্চ খোলা সম্ভব হয়নি।**

## সমৃদ্ধি কর্মসূচি

উন্নয়নের কেন্দ্রে মানুষ- এই চেতনা ধারণ করে পিকেএসএফ-এর তত্ত্বাবধানে মাদারীপুর জেলার কালকিনি উপজেলার আলীনগর ইউনিয়নে ২০১২ সাল থেকে সমৃদ্ধি কর্মসূচি বাস্তবায়ন এবং বহুমুখী সামাজিক সেবা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

## শিক্ষা সহায়তা কর্মসূচি

সংস্থার শিক্ষা সহায়তা কর্মসূচির আওতায় প্রাইমারি স্কুল থেকে ঝরে পড়া রোধ করতে কালকিনি উপজেলার আলীনগর ইউনিয়নে ৩০টি বৈকালিক শিক্ষাকেন্দ্রের মাধ্যমে শিশুদের পাঠদান অব্যাহত আছে।

## শিক্ষাবৃত্তি

পিকেএসএফ এর অর্থায়নে কারসার সুবিধাভোগী পরিবারের সন্তানদের মধ্যে শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। ২০২০-২০২১ অর্থবছরে উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত ২৩ জন মেধাবী শিক্ষার্থীকে ১২,০০০/- টাকা করে মোট ২,৭৬,০০০/- টাকা এবং ২০২১-২০২২ অর্থবছরে ২৫ জন মেধাবী শিক্ষার্থীকে ১২,০০০/- টাকা করে মোট ৩,০০,০০০/- টাকা শিক্ষাবৃত্তি প্রদান করা হয়েছিল। ২০২২-২০২৩ অর্থবছরে ২৭ জন মেধাবী শিক্ষার্থীকে ১২,০০০/- টাকা করে মোট ৩,২৪,০০০/- শিক্ষাবৃত্তি প্রদান করা হয়েছে। আলোচ্য অর্থবছরেও ১০ জন মেধাবী শিক্ষার্থীকে ১২,০০০/- টাকা করে মোট ১,২০,০০০/- শিক্ষাবৃত্তি প্রদান করা হয়েছে।

## স্বাস্থ্যসেবা কর্মসূচি

আলোচ্য অর্থবছরে স্বাস্থ্য সেবা কর্মসূচির আওতায় মাদারীপুর জেলার কালকিনি উপজেলার আলীনগর ইউনিয়নের সর্বমোট ৪,০৯৪ জন রোগীকে বিভিন্ন ধরনের প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং প্রতিদিনই এই সেবার ধরণ ও উপকারভোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।

## ক্রীড়া, সাংস্কৃতিক ও সামাজিক উন্নয়নমূলক কর্মসূচি

সমাজের নানা ধরনের অবক্ষয়রোধে পিকেএসএফ-এর সহায়তায় মাদারীপুর জেলার কালকিনি উপজেলার আলীনগর ইউনিয়নে বিভিন্ন সাংস্কৃতিক কর্মকাণ্ড পরিচালিত হয়।

## তথ্য-প্রযুক্তির ব্যবহার

ক্ষুদ্রঋণ কর্মসূচি পরিচালনার জন্য সফটওয়্যার কোম্পানী 'ডাটা সফ্ট সিস্টেম বাংলাদেশ লিমিটেড' থেকে গ্রহণকৃত সফট্ওয়্যার এর মাধ্যমে সংস্থার সকল ব্রাঞ্চে AIS ও MIS সহ সব ধরনের প্রতিবেদন তৈরি হচ্ছে।

## জনবল ও প্রশিক্ষণ

জুন ২০২৪ পর্যন্ত সংস্থার মোট জনবল (সমৃদ্ধি কর্মসূচিসহ) ১৬৮ জন। নিজস্ব ব্যবস্থাপনাসহ পিকেএসএফ-এর সহায়তায় তাদের নিয়মিত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনসম্পদে পরিনত করা হয়। গত অর্থবছরে কারসার নিজস্ব ব্যবস্থাপনায় ১৯ জন এবং পিকেএসএফ-এর ব্যবস্থাপনায় ৪ জন সহ মোট ২৩ জন কর্মকর্তা বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ পেয়েছে। এছাড়াও আয়-বৃদ্ধিমূলক ঋণ কার্যক্রমের আওতায় ৩টি ব্যাচে ৭৫ জন সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## হিসাব ও কার্যক্রম নিরীক্ষা

কারসার বার্ষিক সাধারণ সভায় নিয়োগকৃত বহিঃনিরীক্ষক বছরান্তে সংস্থার কার্যক্রম ও হিসাব নিকাশ অডিট করেছে। এছাড়া পিকেএসএফ তার অভ্যন্তরীণ ও তাদের নিয়োগকৃত বহিঃনিরীক্ষকের মাধ্যমে এ বছরে কার্যক্রম অডিট করেছে। অডিট রিপোর্টের আলোকে সংস্থার কর্মকাণ্ড সুচারু ভাবে এগিয়ে নেয়া সহ সকল কাজের গুণগত মান বৃদ্ধি পাচ্ছে।

কারসার অভ্যন্তরীণ নিরীক্ষার ক্ষেত্রে ২০২৩-২০২৪ অর্থবছরে সংস্থার ১৯টি শাখায় মোট ১১০টি অডিট সম্পন্ন হয়েছে।

## অভ্যন্তরীণ অডিট ও মনিটরিং কার্যক্রম

ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নানা প্রকার ত্রুটি বিচ্যুতি যেমন- অনিয়ম, অসংগতি, আত্মসাৎ, চুরি, বকেয়া ইত্যাদি ঘটনার অবকাশ থেকে যায়। আমাদের বেশির ভাগ ঋণ কার্যক্রম প্রত্যন্ত গ্রাম অঞ্চলে এবং কম শিক্ষিত, কম সচেতন মানুষদের নিয়ে পরিচালিত হয়। সচেতনতার অভাবে সদস্য পর্যায় থেকে সঠিক সময়ে সঠিক অভিযোগ পাওয়া সম্ভব হয় না। ফলে এ ধরনের সমস্যা ও প্রতিবন্ধকতা রোধ করার জন্য প্রত্যেক সংস্থারই অভ্যন্তরীণ অডিট ও মনিটরিং শাখা থাকে।

নির্বাহী পরিচালকের অধীনে মাঠ পর্যায়ে ৩ জন অফিসার নিয়ে একটি টিম কারসার অভ্যন্তরীণ অডিট ও মনিটরিং এর দায়িত্ব পালন করে আসছেন। পরিকল্পনা অনুযায়ী এক একজন অডিট ও মনিটরিং অফিসার সমিতি পরিদর্শন, অফিসের সকল রেজিস্টার ও নথিপত্র যেমন কালেকশন শীট, ভাউচার, ক্যাশবুক, লেজার ও ব্যাংক ব্যালেন্স সরেজমিনে যাচাই করেন। অডিট শেষে তারা ব্রাঞ্চ ম্যানেজার এবং ফিল্ড অফিসারদের সাথে মিটিং করে মনিটরিং-এ প্রাপ্ত ত্রুটি বিচ্যুতি, অনিয়ম ও অসংগতি নিয়ে আলোচনা করেন এবং যে সব ভুলভ্রান্তি তাৎক্ষণিক সংশোধন করা যায় সেগুলি সংশোধন করেন। মনিটরিং শেষে একটি বিস্তারিত প্রতিবেদন নির্বাহী পরিচালকের নিকটে পাঠানো হয়। এছাড়া অর্থ আত্মসাৎ, চুরি, দুর্নীতি এবং বিশেষ কোনো ঘটনা যা সংস্থার জন্যে ক্ষতিকর তা তাৎক্ষণিকভাবে নির্বাহী পরিচালককে অবহিত করা হয়। মনিটরিং-এ প্রাপ্ত ভুলভ্রান্তি অনিয়ম ও অসংগতির বিষয়ে নির্বাহী পরিচালক চিঠির মাধ্যমে সংশ্লিষ্ট সকলের নিকট হতে লিখিত ব্যাখ্যা গ্রহণপূর্বক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করেন। এ পদ্ধতির কারণে সকল কর্মকাণ্ডের গুণগত মান বৃদ্ধি পাচ্ছে।

২০২৩-২০২৪ অর্থবছরে সংস্থার নিজস্ব প্রশিক্ষণ সেল-এর মাধ্যমে ১৯ জন ব্রাঞ্চ ম্যানেজারকে আলীনগরে সংস্থার নিজস্ব ভবনে এক দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এই প্রশিক্ষণে কারসার লক্ষ্য, উদ্দেশ্য এবং মাইক্রোক্রেডিটের ধারণা, লক্ষ্য, উদ্দেশ্য, বাস্তবায়ন কৌশল, স্থানীয় সমাজের ভূমিকা বা অংশগ্রহণ এবং রিপোর্টিং সিস্টেম, ব্যবস্থাপনা কৌশল, ব্রাঞ্চ পরিচালনা ও ব্যবস্থাপনা, পরিকল্পনা প্রণয়ন কৌশল, সঞ্চয় ও ঋণ ব্যবস্থাপনা, অর্থ ব্যবস্থাপনা, প্রকল্প ব্যবস্থাপনা, উদ্যোক্তা সৃষ্টি, গ্রাম সংগঠন উন্নয়ন ও ব্যবস্থাপনা, সচেতনতা সৃষ্টি, নেতৃত্বের উন্নয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন, অফিস ব্যবস্থাপনা, হিসাবরক্ষণ ব্যবস্থাপনা, দল গঠন ও দলীয় গতিশীলতা অনুশীলন ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও সদস্য, ঋণী ও প্রকল্প যাচাই, ঋণ আদায় পদ্ধতি, বকেয়া না পড়া, পড়লে তা আদায় কৌশল ইত্যাদি নিয়েও প্রশিক্ষণে আলোচনা করা হয়। এছাড়া, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) হতেও এ অর্থবছরে

## একনজরে কারসা

| ক্রমিক নং | বিবরণ | জন/টাকা (২০২৩) | জন/টাকা (২০২৪) |
|---|---|---|---|
| ১ | মোট ব্রাঞ্চ সংখ্যা | ১৯ | ১৯ |
| ২ | মোট স্টাফ সংখ্যা | ১৩২ | ১২৫ |
| ৩ | মোট সদস্য সংখ্যা | ২৫,১৭৫ | ২৪,৮১৭ |
| ৪ | মোট ঋণ গ্রহীতা সংখ্যা | ১৭,৬৯১ | ১৭,১৫০ |
| ৫ | মোট সমিতির সংখ্যা | ১,৮২৭ | ১,৮৩৪ |
| ৬ | পিকেএসএফ হতে ঋণ গ্রহণ মোট (পুঞ্জীভূত) | ২০১,৮৬,২৩,৭০০ | ২৩১,৪১,২৩,৭০০ |
| ৭ | পিকেএসএফ-কে ঋণ ফেরত মোট (পুঞ্জীভূত) | ১৫৫,৮৯,৮২,০৩৯ | ১৮০,৪৩,৫৭,০৩৯ |
| ৮ | পিকেএসএফ-এর মোট পাওনা | ৪৫,৯৬,৪১,৬৬১ | ৫০,৯৭,৬৬,৬৬১ |
| ৯ | মাঠ পর্যায়ে ঋণস্থিতি | ৮৩,৯১,১৮,৪৪৭ | ৯৫,২৭,৬০,৩১৯ |
| ১০ | সদস্যদের সঞ্চয়স্থিতি | ২৮,৬৮,৪৯,৮৯৯ | ৩১,৯৩,৭৪,৬৪৬ |
| ১১ | মাঠ পর্যায়ে মোট বকেয়া | ৬,৮৬,৬১,২৮৮ | ৭,৮২,৪৩,৬২৭ |
| ১২ | নীট উদ্বৃত্ত (পুঞ্জীভূত) | ১৩,৪৬,৪৬,৮৬৯ | ১৭,৩০,০০,৬৫৯ |
| ১৩ | নীট উদ্বৃত্ত (চলতি বছর) | ১,৯২,৮০,৬৩৪ | ৩,৮৩,৫৩,৭৯০ |

## ঋণ কর্মসূচি

কারসা বর্তমানে ১৯টি ব্রাঞ্চ এবং ১২৫ জন কর্মীর মাধ্যমে বাংলাদেশের ৫টি জেলার ১৭টি উপজেলার ১২৪টি ইউনিয়ন/পৌরসভায় ৬৭৪টি গ্রামে ঋণ কার্যক্রম পরিচালনা করছে। সংশ্লিষ্ট উদ্যোক্তার প্রকল্পে তার নিজস্ব বিনিয়োগ এবং ঐ প্রকল্পে তার ঋণ চাহিদা বিবেচনা করে ঋণ প্রদান করা হয়। ঋণ প্রদানের পূর্বে গ্রহণকৃত ঋণ পরিশোধের বিষয়টি নিশ্চিত করা হয়।

ঋণ কম্পোনেন্ট সমূহ হলো- জাগরণ, অগ্রসর, অগ্রসর-এমডিপি, অগ্রসর-এমএফসিই, বুনিয়াদ, সুফলন, এলআরএল, আয়বর্ধনমূলক, জীবনযাত্রার মানোন্নয়ন ও সম্পদ সৃষ্টি ঋণ।

বিগত বছরের তুলনায় ঋণস্থিতি বেড়েছে। ৩০ জুন ২০২৩-এ ঋণস্থিতি ছিল ৮৩,৯১,১৮,৪৪৭/- টাকা; পক্ষান্তরে ২০২৪ সালের একই তারিখে ঋণস্থিতি বেড়ে দাঁড়িয়েছে ৯৫,২৭,৬০,৩১৯/- টাকা। যা পূর্বের অর্থবছরের চেয়ে ১১,৩৬,৪১,৮৭২/- টাকা বেশি। সংস্থার এ বছরের নিয়মিত আদায়ের হার (ওটিআর রেট) হচ্ছে ৯৭.৭৫%, যা গত বছর ছিল ৯৭.৮৪%। উল্লেখ্য, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর নিকট গ্রহণযোগ্য ওটিআরের ন্যূনতম হার হচ্ছে ৯২%। ঋণ কার্যক্রমে বর্তমান মোট সদস্য সংখ্যা ২৪,৮১৭ জন। এর মধ্যে ঋণী সদস্য ১৭,১৫০ জন। এসব সদস্যের মোট সঞ্চয় স্থিতি রয়েছে ৩১,৯৩,৭৪,৬৪৬/- টাকা। পক্ষান্তরে ২০২৩ সালের একই তারিখে মোট সঞ্চয় স্থিতি ছিল ২৮,৬৮,৪৯,৮৯৯/- টাকা।

| ক্রমিক নং | কম্পোন্যান্টের নাম | কিস্তির ধরণ | লাভের হার | সর্ব নিম্ন সিলিং | সর্বচ্চো সিলিং | লক্ষিত জনগোষ্ঠী |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বুনিয়াদ | সাপ্তাহিক | ১৯.৭৪% | ২,০০০/- | ৫০,০০০/- | নিম্ন আয়ের সদস্য |
| ০২ | জাগরণ | সাপ্তাহিক | ২৩.৯৪% | ২,০০০/- | ১,২০,০০০/- | নিম্ন মধ্যবিত্ত সদস্য |
| ০৩ | আয়বর্ধন | সাপ্তাহিক | ২৩.৯৪% | ২,০০০/- | ১,২০,০০০/- | নিম্ন মধ্যবিত্ত সদস্য |
| ০৪ | আয়বর্ধন | মাসিক | ২৩.৮৮% | ৬০,০০০/- | ১০,০৮,০০০/- | মধ্যবিত্ত সদস্য |
| ০৫ | অগ্রসর | সাপ্তাহিক | ২৩.৯৪% | ৬০,০০০/- | ১,২০,০০০/- | মধ্যবিত্ত সদস্য |
| ০৬ | অগ্রসর | মাসিক | ২৩.৮৮% | ৬০,০০০/- | ১০,০৮,০০০/- | মধ্যবিত্ত সদস্য |
| ০৭ | অগ্রসর-এমএফসিই | মাসিক | ১৭.৮০% | ৬০,০০০/- | ১০,০৮,০০০/- | মধ্যবিত্ত সদস্য |
| ০৮ | সুফলন | মাসিক | ২১.৪৬% | ১০,০০০/- | ৯৬,০০০/- | নিম্ন মধ্যবিত্ত সদস্যদের (সাপোর্টিং ঋণ) |
| ০৯ | সুফলন | এককালীন | ২৪% | ১০,০০০/- | ৫,০০,০০০/- | নিম্ন মধ্যবিত্ত সদস্যদের (গরু মোটাতাজাকরণ কাজে) |
| ১০ | আয়বর্ধন | এককালীন | ২৪% | ১০,০০০/- | ৫,০০,০০০/- | নিম্ন মধ্যবিত্ত সদস্যদের (গরু মোটাতাজাকরণ কাজে) শুধুমাত্র সমৃদ্ধি কর্মসুচিভুক্ত ইউনিয়ন (আলীনগর) |
| ১১ | জীবন যাত্রার মান উন্নয়ন | মাসিক | ৭.৫০% | ২,০০০/- | ১০,০০০/- | নিম্ন ও নিম্ন মধ্যবিত্তদের, শুধুমাত্র সমৃদ্ধি কর্মসুচি ভুক্ত ইউনিয়ন (আলীনগর) |
| ১২ | সম্পদ সৃষ্টি | মাসিক | ৭.৫০% | ২,০০০/- | ৩০,০০০/- | নিম্ন ও নিম্ন মধ্যবিত্তদের, শুধুমাত্র সমৃদ্ধি কর্মসুচি ভুক্ত ইউনিয়ন (আলীনগর) |

## এক নজরে ক্ষুদ্রঋণ কার্যক্রমের বিবরণী

| কর্মসূচির নাম | সুদের হার (ক্রমহ্রাসমান স্থিতি পদ্ধতি) | মোট ঋণস্থিতি (জুন ২০২৪) | মোট ঋণস্থিতি (জুন ২০২৩) | সার্ভিস চার্জ (জুন ২০২৪) | সার্ভিস চার্জ (জুন ২০২৩) |
|---|---|---|---|---|---|
| জাগরণ | ২৩.৯৪% | ২২,৩৪,২২,২৮৪ | ২৫,৩৭,৮৪,২২২ | ৫,০৯,৪০,৯০৯ | ৫,৫১,৩০,৪৬৭ |
| অগ্রসর | ২৩.৯৪% | ৫৭,১১,৪০,৭৬৬ | ৪২,৮৩,৬০,২৬১ | ৯,৮০,৬৭,৬৭৮ | ৭,৭৪,২৬,৭১৭ |
| অগ্রসর-এমডিপি | ১৮.০০% | ১৬,০১,১৪৮ | ২,৩৮,৪২,০৩৭ | ২০,১৭,৩২৪ | ১৭,৫০,১১৬ |
| অগ্রসর-এমএফসিই | ১৭.৮০% | ৩,২২,৩৬,৫৫৩ | - | ৪৩,৫৭,০৬৭ | - |
| বুনিয়াদ | ১৯.৭৪% | ২,১৬,৪১,১৪৮ | ২,০১,০৩,৫৬০ | ৩০,৩৯,৯০৪ | ২০,০১,৫৯৪ |
| সুফলন | ২৪.০০% | ৫,৯৩,০২,৭৭১ | ৫,৭৪,৫৫,৬২১ | ১,৪৮,২০,১৭৩ | ১,১৭,৭৫,০৩০ |
| এলআরএল | ৮.০০% | ৪,০১,৩৭৯ | ১,৪২,৩৩,২০৩ | ১১,১৩,৪৫১ | ৯,৭০,১৪০ |
| আয়বর্ধনমূলক | ২৪.০০% | ৪,২৮,৯২,৩১৯ | ৪,০৬,৯২,০৯৯ | ১,০৭,২৭,৩৬১ | ৭৯,৪৩,৯৪৮ |
| জীবনযাত্রার মানোন্নয়ন | ৭.৫০% | - | ২,১০,০০০ | ৮,১২০ | ১৭,৬৩৯ |
| সম্পদ সৃষ্টি | ৭.৫০% | ১,২১,৯৪৯ | ৪,৩৭,৪৪৪ | ২১,০৩০ | ৫৩,৭৫৯ |
| মোট | | ৯৫,২৭,৬০,৩১৯ | ৮৩,৯১,১৮,৪৪৭ | ১৮,৫১,১৩,০১৭ | ১৫,৭০,৬৯,৪১০ |

## ঋণ প্রদানের প্রক্রিয়া

কোন সদস্যের ঋণ প্রয়োজন হলে সমিতির সকল সদস্যের উপস্থিতিতে অনুষ্ঠিত সভায় সমিতি-পরিচালনা কমিটির মাধ্যমে ঋণ প্রস্তাব উপস্থাপন করা হয়। প্রস্তাব গৃহীত হলে ফিল্ড অফিসার ঋণের প্রয়োজনীয় ডকুমেন্টস যথাযথভাবে পূরণ করে ব্রাঞ্চ ম্যানেজারের নিকট উপস্থাপন করেন। অতঃপর ব্রাঞ্চ ম্যানেজার ঋণ প্রস্তাবপত্র ও ঋণী যাচাই-বাছাই শেষে এরিয়া ম্যানেজারের অনুমোদন সাপেক্ষে নির্ধারিত দিনে ঋণ বিতরণ করেন। ঋণ আবেদনের ৭-১৫ দিনের মধ্যে ঋণ প্রদান করা হয়।

## ঋণ প্রদানের পূর্বে গ্রাহকের নিকট হতে গৃহীত ফি

ঋণ আবেদন ও ঋণ চুক্তিপত্র বাবদ ৫/- টাকা ও পাশ বই বাবদ ১০/- টাকা সর্বমোট ১৫/- টাকা গ্রহণ করা হয়।

## ঋণের কিস্তি আদায় এবং পরিশোধের মেয়াদ

সপ্তাহের বিভিন্ন দিনে ঋণ বিতরণ করায় সর্বনিম্ন ১৫ দিন থেকে সর্বোচ্চ ১৮ দিন পরে কিস্তি আদায় শুরু হয়ে এবং ৪৬ কিস্তিতে ঋণ পরিশোধ করতে হয়।

## এক নজরে ক্ষুদ্রঋণ কার্যক্রমের বার্ষিক প্রবৃদ্ধির চিত্র

| বিবরণ | টাকা/জন |
|---|---|
| আলোচ্য অর্থবছরে মোট ঋণস্থিতি | ৯৫,২৭,৬০,৩১৯/- |
| পূর্বের অর্থবছরে ঋণস্থিতি | ৮৩,৯১,১৮,৪৪৭/- |
| পূর্বের অর্থবছরের তুলনায় বর্তমানে ঋণস্থিতি বৃদ্ধি পেয়েছে | ১১,৩৬,৪১,৮৭২/- |
| আলোচ্য অর্থবছরে সার্ভিস চার্জ আয় | ১৮,৫১,১৩,০১৭/- |
| পূর্বের অর্থবছরে সার্ভিস চার্জ আয় | ১৫,৭০,৬৯,৪১০/- |
| পূর্বের অর্থবছরের তুলনায় বর্তমানে সার্ভিস চার্জ বৃদ্ধি পেয়েছে | ২,৮০,৪৩,৬০৭/- |
| ৩০ জুন ২০২৪ তারিখে মোট বকেয়া সদস্য | ৩,৬৫৩ জন |
| ৩০ জুন ২০২৪ তারিখে মোট বকেয়া | ৭,৮২,৪৩,৬২৭/- |
| মেয়াদোত্তীর্ণ বকেয়া | ৫,৬৭,৮৮,৮৭৭/- |
| আলোচ্য বছরে বকেয়া বৃদ্ধি পেয়েছে | ৯৫,৮২,৩৩৯/- |
| আলোচ্য অর্থবছরে ব্যয়াতিরিক্ত আয় হয়েছে | ৩,৮৩,৫৩,৭৯০/- |
| এ পর্যন্ত ব্যয়াতিরিক্ত আয় হয়েছে | ১৭,৩০,০০,৬৫৯/- |

## ঋণ কার্যক্রমের প্রধান প্রধান প্রকল্পের বর্ণনা

### জাগরণ ঋণ

সংস্থার ঋণ কার্যক্রমের সবচেয়ে বড় প্রকল্প জাগরণ। আলোচ্য বছরে এই প্রকল্পের চালচিত্র-

| বিবরণ | ৩০ জুন ২০২৪ | ৩০ জুন ২০২৩ | হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|
| মাঠ পর্যায়ে ঋণস্থিতি | ২২,৩৪,২২,২৮৪ | ২৫,৩৭,৮৪,২২২ | -৩,০৩,৬১,৯৩৮ |
| সার্ভিস চার্জ আদায় | ৫,০৯,৪০,৯০৯ | ৫,৫১,৩০,৪৬৭ | -৪১,৮৯,৫৫৮ |
| মোট বকেয়া | ২,৯৯,৮২,৪৯৩ | ২,৯০,৯৯,১৩৬ | ৮,৮৩,৩৫৭ |
| মেয়াদোত্তীর্ণ বকেয়া | ২,৩০,৪২,৪৩৪ | ২,৩৮,০৪,৪৬৩ | -৭,৬২,০২৯ |
| বকেয়া সদস্য | ২,১৯২ | ২,১৮৮ | ৪ |
| সঞ্চয় স্থিতি | ১৫,৪১,৯১,৩২২ | ১৬,১৫,৬২,৩১৪ | -৭৩,৭০,৯৯২ |
| সদস্য সংখ্যা | ১৫,৫৪৭ | ১৭,১১৮ | -১,৫৭১ |
| ঋণী সংখ্যা | ৮,৬২৮ | ৯,৮৯৮ | -১,২৭০ |




নড়িয়া ব্রাঞ্চের জাগরণ কম্পোনেন্টের মনিহার মহিলা সমিতির সদস্য জনাব পারুল বেগম-এর কলা চাষ প্রকল্প।

## অগ্রসর ঋণ

সংস্থার ঋণ কার্যক্রমের দ্বিতীয় বৃহত্তম প্রকল্প অগ্রসর। আলোচ্য বছরে এই প্রকল্পের চালচিত্র-

| বিবরণ | ৩০ জুন ২০২৪ | ৩০ জুন ২০২৩ | হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|
| মাঠ পর্যায়ে ঋণস্থিতি | ৫৭,১১,৪০,৭৬৮ | ৪২,৮৩,৬০,২৬১ | ১৪,২৭,৮০,৫০৭ |
| সার্ভিস চার্জ আদায় | ৯,৮০,৬৭,৬৭৮ | ৭,৭৪,২৬,৭১৭ | ২,০৬,৪০,৯৬১ |
| মোট বকেয়া | ৩,৪৯,০৮,৭৪৬ | ২,৭৩,৮৪,২০০ | ৭৫,২৪,৫৪৬ |
| মেয়াদোত্তীর্ণ বকেয়া | ২,৩৩,১৬,৩৯০ | ১,৮৫,৯৪,৭৯০ | ৪৭,২১,৬০০ |
| বকেয়া সদস্য | ৫৫৮ | ৪৮০ | ৭৮ |
| সঞ্চয় স্থিতি | ১৩,৪৭,৪০,৫৫৩ | ১০,১২,৮৯,২৪৩ | ৩,৩৪,৫১,৩১০ |
| সদস্য সংখ্যা | ৫,৭৮০ | ৪,৭১৪ | ১,০৬৬ |
| ঋণী সংখ্যা | ৩,৯৭৫ | ৩,৫৩১ | ৪৪৪ |



কালামৃধা ব্রাঞ্চের কালামৃধা বাজার পুরুষ সমিতির অগ্রসর সদস্য জনাব হেমায়েত হাওলাদার-এর কাপড়ের দোকান।

## বুনিয়াদ ঋণ

দরিদ্র মানুষের ঋণ কার্যক্রমে অংশগ্রহণের সূচনা হয় বুনিয়াদ ঋণের মাধ্যমে

| বিবরণ | ৩০ জুন ২০২৪ | ৩০ জুন ২০২৩ | হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|
| মাঠ পর্যায়ে ঋণস্থিতি | ২,১৬,৪১,১৪৮ | ২,০১,০৩,৫৬০ | ১৫,৩৭,৫৮৮ |
| সার্ভিস চার্জ আদায় | ৩০,৩৯,৯০৪ | ২০,০১,৫৯৪ | ১০,৩৮,৩১০ |
| মোট বকেয়া | ৪৮,৫০,৭২০ | ৪৯,৮৮,১৬৭ | -১,৩৭,৪৪৭ |
| মেয়াদোত্তীর্ণ বকেয়া | ৪৪,৩৭,৯২৮ | ৪৯,১৫,৮৯৯ | -৪,৭৭,৯৭১ |
| বকেয়া সদস্য | ৫৩৪ | ৫৫৫ | -২১ |
| সঞ্চয় স্থিতি | ১,৩৪,৭৩,০৭৪ | ৯৯,৫২,২২৯ | ৩৫,২০,৮৪৫ |
| সদস্য সংখ্যা | ২,৭৭১ | ২,৬২১ | ১৫০ |
| ঋণী সংখ্যা | ১,৬৪০ | ১,৫৮২ | ৫৮ |



জাজিরা ব্রাঞ্চের বুনিয়াদ ঋণ কার্যক্রমের আওতায় মধুমিতা মহিলা সমিতির সদস্যা জনাব বেবি আক্তারের মুরগী পালন।



কালামৃধা ব্রাঞ্চের সুখের নীড় মহিলা সমিতির সুফলন ঋণ কার্যক্রমের সদস্য জনাব আলেয়া বেগমের গম চাষ প্রকল্প।

## সুফলন ঋণ

| বিবরণ | ৩০ জুন ২০২৪ | ৩০ জুন ২০২৩ | হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|
| মাঠ পর্যায়ে ঋণস্থিতি | ৫,৯৩,০২,৭৭১ | ৫,৭৪,৫৫,৬২১ | ১৮,৪৭,১৫০ |
| সার্ভিস চার্জ আদায় | ১,৪৮,২০,১৭৩ | ১,১৭,৭৫,০৩০ | ৩০,৪৫,১৪৩ |
| মোট বকেয়া | ৬৬,৪০,৮৫৯ | ৫৯,৬৪,২৮১ | ৬,৭৬,৫৭৮ |
| মেয়াদোত্তীর্ণ বকেয়া | ৫৪,৫২,০৫০ | ৫৫,৬৮,৬২৯ | -১,১৬,৫৭৯ |
| বকেয়া সদস্য | ৪৩৭ | ৩৮৩ | ৫৪ |
| সদস্য সংখ্যা | ২,৬৮১ | ১,৯১২ | -১,৯১২ |
| ঋণী সংখ্যা | ২,৬৮১ | ১,৯১২ | ৭৬৯ |

## আয়বর্ধনমূলক ঋণ

| বিবরণ | ৩০ জুন ২০২৪ | ৩০ জুন ২০২৩ | হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|
| মাঠ পর্যায়ে ঋণস্থিতি | ৪,২৮,৯২,৩১৯ | ৪,০৬,৯২,০৯৯ | ২২,০০,২২০ |
| সার্ভিস চার্জ আদায় | ১,০৭,২৭,৩৬১ | ৭৯,৪৩,৯৪৮ | ২৭,৮৩,৪১৩ |
| মোট বকেয়া | ৮,২৮,৫২৫ | ১০,৬১,১১৫ | -২,৩২,৫৯০ |
| মেয়াদোত্তীর্ণ বকেয়া | ৪,৬৭,৪৫০ | ৯,০৫,১৫৬ | -৪,৩৭,৭০৬ |
| বকেয়া সদস্য | ৩৮ | ৫৬ | -১৮ |
| সঞ্চয় স্থিতি | ১,৬৯,৬৯,৬৯৭ | ১,৪০,৪৬,১১৩ | ২৯,২৩,৫৮৪ |
| সদস্য সংখ্যা | ৭৯৬ | ৮০৩ | -৭ |
| ঋণী সংখ্যা | ৫১১ | ৫০৪ | ৭ |



আলীনগর ব্রাঞ্চের পথের সাথী মহিলা সমিতির আয় বৃদ্ধিমূলক ঋণের সদস্য জনাব কনিকা রানীর বাঁশের তৈরী পন্য।

## জীবনযাত্রার মানোন্নয়ন ঋণ

সদস্যদের জীবন যাত্রার মান যুগোপযোগী করার লক্ষ্যে এই কম্পোনেন্ট

| বিবরণ | ৩০ জুন ২০২৪ | ৩০ জুন ২০২৩ | হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|
| মাঠ পর্যায়ে ঋণস্থিতি | | ২,১০,০০০ | -২,১০,০০০ |
| সার্ভিস চার্জ আদায় | ৮,১২০ | ১৭,৬৩৯ | -৯,৫১৯ |
| মোট বকেয়া | | - | |
| মেয়াদোত্তীর্ণ বকেয়া | | - | |
| বকেয়া সদস্য | | - | |
| সদস্য সংখ্যা | | ২৪ | -২৪ |
| ঋণী সংখ্যা | | ২৪ | -২৪ |

## সম্পদ সৃষ্টি ঋণ

| বিবরণ | ৩০ জুন ২০২৪ | ৩০ জুন ২০২৩ | হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|
| মাঠ পর্যায়ে ঋণস্থিতি | ১,২১,৯৪৯ | ৪,৩৭,৪৪৪ | (৩,১৫,৪৯৫) |
| সার্ভিস চার্জ আদায় | ২১,০৩০ | ৫৩,৭৫৯ | (৩২,৭২৯) |
| মোট বকেয়া | ২৫,৬৯৮ | ৪৫,৪৪৪ | (১৯,৭৪৬) |
| মেয়াদোত্তীর্ণ বকেয়া | ২৫,৬৯৮ | ৩৮,১৯৩ | (১২,৪৯৫) |
| বকেয়া সদস্য | ৩ | ৩ | - |
| সদস্য সংখ্যা | ১৫ | ২৪ | (৯) |
| ঋণী সংখ্যা | ১৫ | ২৪ | (৯) |

## সঞ্চয় কার্যক্রম

পুঁজি গঠনে সঞ্চয় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে বিধায় সদস্যদের প্রয়োজনীয়তার কথা বিবেচনা করেই কারসা গরীবের ব্যাংকের মতো সঞ্চয়ের মাধ্যমে বিনিয়োগ ও নিশ্চয়তার সক্ষমতা তৈরি করতে সদস্যদের সামর্থ্য অনুযায়ী সঞ্চয়ের কর্মকাণ্ড পরিচালনা করছে। চলমান সঞ্চয় প্রকল্পসমূহ-

## নিয়মিত সাপ্তাহিক সঞ্চয় (বাধ্যতামূলক)

কারসার সকল সদস্য প্রতি সপ্তাহে বাধ্যতামূলক ন্যূনতম ১০/- টাকা করে সঞ্চয় জমা করে থাকেন। এই জমাকৃত সঞ্চয়ের উপর প্রতি বছর জুন এবং ডিসেম্বর মাসে ৬% হারে সুদ প্রদান করা হয়। সদস্যগণ বিপদে-আপদে প্রয়োজন অনুযায়ী যে কোন সময় সমিতি অথবা অফিস থেকে তার জমাকৃত সঞ্চয় উত্তোলন করতে পারেন।

আলোচ্য বছরে মোট সদস্য সংখ্যা ২৪,৮১৭ জনের কাছ থেকে সঞ্চয় বাবদ আদায় হয়েছে ১৬,০০,৬৪,৭০৬/- টাকা। সঞ্চয় ফেরত দেওয়া হয়েছে ১৪,৩৪,০৪,০১৭/- টাকা। বর্তমানে মোট সঞ্চয় স্থিতি আছে ২২,৭২,৫১,৭০৯/- টাকা। বর্তমানে সদস্যপ্রতি গড় সঞ্চয় স্থিতি আছে প্রায় ৯,১৫৭/- টাকা।

## মেয়াদী সঞ্চয়

৩০ জুন ২০২৪ তারিখে এ তহবিলে সর্বমোট ৬,৮৬,১৪,৫৭২/- টাকা স্থিতি আছে। মাসিক ভিত্তিতে সঞ্চয় করার জন্য এই প্রোডাক্ট চালু করা হয়েছে। এটি সকল সদস্যের জন্য উন্মুক্ত, তবে বাধ্যতামূলক নয়, বরং ঐচ্ছিক। সদস্য ইচ্ছা করলে যে কোন সময় মেয়াদী আমানত হিসাব বন্ধ করতে পারেন এবং সেক্ষেত্রে নির্ধারিত হারে সুদসহ জমানো টাকা ফেরত দেয়া হয়। মাসিক জমাকৃত সঞ্চয়ের পরিমাণ সর্বনিম্ন ১০০/- টাকা বা এর গুণিতক হবে।

## ঐচ্ছিক সঞ্চয়

৩০ জুন ২০২৪ তারিখে এ তহবিলে সর্বমোট ২,৩৫,০৮,৩৬৫ /- টাকা স্থিতি আছে। সাপ্তাহিক ভিত্তিতে এ সঞ্চয় জমা করা যায়। এটি সকল সদস্যের জন্য উন্মুক্ত, তবে বাধ্যতামূলক নয়। সদস্য ইচ্ছা করলে মাসের যে কোন সময় ঐচ্ছিক সঞ্চয় হিসাব খুলতে বা বন্ধ করতে পারেন। এই সঞ্চয়ের উপন ৭% সুদ প্রদান করা হয়। এ সঞ্চয়ের ক্ষেত্রে কোন সুনির্দিষ্ট মেয়াদ থাকবে না এবং যে কোন পরিমাণ টাকা সঞ্চয় হিসেবে জমা করতে পারবে।

# সংস্থার আর্থিক অবস্থার মান

## পুঁজির তুলনায় দায়-এর অনুপাতঃ (Debt to Capital Ratio)

সংস্থার নিজস্ব তহবিলের দ্বারা দায় পরিশোধের ক্ষমতা এই অনুপাতের মাধ্যমে নিরূপণ করা হয়। পিকেএসএফ-এর নির্দেশনা মোতাবেক সর্বোচ্চ অনুপাত হচ্ছে ৯ঃ১। আমাদের এই অনুপাত হচ্ছে ৯.৪৯ ঃ ১।

| পুঁজির তুলনায় দায় (২০২২-২০২৩) | পুঁজির তুলনায় দায় (২০২৩-২০২৪) |
|---|---|
| ৪.৩৬ ঃ ১ | ৯.৪৯ ঃ ১ |

## কার্যক্রমে পুঁজির ব্যবহারের হারঃ (Capital Adequacy Ratio)

সংস্থার আর্থিক সচ্ছলতা পরিমাপের জন্য এই অনুপাত ব্যবহৃত হয়ে থাকে। এই অনুপাত মোট তহবিলের কী পরিমাণ অংশ সংস্থার নিজস্ব তহবিল থেকে ব্যবহৃত হচ্ছে তার নির্দেশনা দিয়ে থাকে। পিকেএসএফ-এর নির্দেশনা মোতাবেক এই অনুপাত ন্যূনতম ১৫% থাকা ভাল। আমাদের এই অনুপাত

| পুঁজির ব্যবহারের অনুপাত (২০২২-২০২৩) | পুঁজির ব্যবহারের অনুপাত (২০২৩-২০২৪) |
|---|---|
| ১৫.৬৩% | ১৭.৭৪% |

## দায় পরিশোধের ক্ষমতাঃ (Debt Service Cover Ratio)

| পুঁজির তুলনায় দায় (২০২২-২০২৩) | পুঁজির তুলনায় দায় (২০২৩-২০২৪) |
|---|---|
| ১.০৯:১ | ১.১৩:১ |

বিগত বছরে আমাদের দায় পরিশোধের ক্ষমতা ছিল ১.০৯:১ যা এ বছর হয়েছে ১.১৩:১। যদিও পিকেএসএফ-এর নির্দেশনা মোতাবেক দায় পরিশোধের ন্যূনতম হার ১.২৫:১ হওয়া উচিত। অর্থাৎ এক টাকা পরিশোধ করতে সংস্থার ১.২৫ গুণ দায় গ্রহণযোগ্য।

## তারল্য-সঞ্চয় হারঃ (Liquidity Ratio)

বর্তমানে সংস্থার ব্রাঞ্চ পর্যায়ে সঞ্চয় ফেরত ও অন্যান্য খরচ মিটানোর জন্য পর্যাপ্ত পরিমাণ তারল্য বিদ্যমান রয়েছে। সংস্থার বর্তমান সঞ্চয়ের পরিমাণ ৩১,৯৩,৭৪,৬৪৬/- টাকা যার বিপরীতে তারল্যের পরিমাণ রয়েছে এফডিআর হিসেবে ৩,০৫,৯৬,৯৯০/- টাকা এবং হাতে নগদ ও ব্যাংক ব্যালেন্স হিসেবে ১৩,৪০,৪৭৪/- টাকা অর্থাৎ সর্বমোট ৩,৮৩,২২,৫১১/- টাকা যা মোট সঞ্চয় তহবিলের ৫% । এমআরএ এবং পিকেএসএফ-এর নির্দেশনা মোতাবেক এই তারল্যের অনুপাত ন্যূনতম ৫% থাকার নিয়ম রয়েছে।

## ধারাবাহিক ভাবে তিন অর্থবছরের আর্থিক পর্যালোচনা

সংস্থার আর্থিক অবস্থার সার্বিক বিশ্লেষণ থেকে দেখা যাচ্ছে যে সংস্থার আর্থিক সামর্থ্য ও ভিত্তি ক্রমাগতভাবে মজবুত হচ্ছে। নিম্নোক্ত ছকে বিগত ৩ বছরের অর্জিত ফলাফলগুলো উপস্থাপন করা হলো। আর্থিক মূল্যায়নের অধিকাংশ মানদন্ডেই ক্রমাগতভাবে কারসার অগ্রগতি প্রতিভাত হচ্ছে।

| ক্র. নং | অর্জিত কর্মফলের অনুপাত বিশ্লেষণ | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | পিকেএসএফ এর মানদণ্ড |
|---|---|---|---|---|---|
| ১ | পুঁজির তুলনায় দায় (Debt to Capital Ratio) | ৬.০১ ঃ ১ | ৪.৩৬ ঃ ১ | ৯.৪৯ ঃ ১ | ৯:১ |
| ২ | পুঁজির ব্যবহারের হার (Capital Adequacy Ratio) | ১৪.৪৬% | ১৫.৬৩% | ১৭.৭৪% | ১৫% |
| ৩ | দায় পরিশোধ ক্ষমতা (Debt Service Cover Ratio) | ১.০৩:১ | ১.০৯:১ | ১.১৩:১ | ১.২৫:১ |
| ৪ | তারল্য-সঞ্চয় হার (Liquidity Ratio) | ১৫.% | ১৫.% | ৯.৫৮% | ১০% |
| ৫ | চলতি অনুপাত (Current Ratio) | ১.৬৭:১ | ১.৬৩:১ | ১.৬৩:১ | ২:১ |
| ৬ | পুঁজির আয় বর্ধনের হার (Return on Capital) | ২.২৪% | ৭.৭১% | ১২.৪৭% | ১% |
| ৭ | ক্রমপুঞ্জীভূত আদায় হার (CRR) | ৯৮.৯২% | ৯৯.২২% | ৯৯.২৩% | ৯৫% |
| ৮ | চলতি আদায়ের হার (OTR) | ৯৭.৫৪% | ৯৭.৮৪% | ৯৭.৭৫% | ৯২% |
| ৯ | ঝুঁকিপূর্ণ ঋণস্থিতি (PAR) | ১৩.৫৬% | ১০.৫৪% | ১০.০২% | ১০% |
| ১০ | ঋণী কভারেজ (Loanee Coverage) | ৭৩.০৯% | ৭০.২৭% | ৬৯.১১% | ৭০% |

## ধারাবাহিকভাবে পাঁচ বছরের সংক্ষিপ্ত চিত্র

| ক্রম | বিবরণ | ২০২০ | ২০২১ | ২০২২ | ২০২৩ | ২০২৪ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ব্রাঞ্চ সংখ্যা | ১৯ | ১৯ | ১৯ | ১৯ | ১৯ |
| ২ | জনবল সংখ্যা | ১৩৯ | ১৩৫ | ১৩২ | ১৩২ | ১২৫ |
| ৩ | সদস্য সংখ্যা | ২৩,১৮০ | ২৫,১৬৪ | ২৫,৪২৪ | ২৫,১৭৫ | ২৪,৮১৭ |
| ৪ | ঋণী সদস্য সংখ্যা | ১৫,৫৪৭ | ১৬,৭৬৬ | ১৮,৫৮৩ | ১৭,৬৯১ | ১৭,১৫০ |
| ৫ | সমিতি সংখ্যা | ১,৭৮৭ | ১,৭৯৮ | ১,৮১০ | ১,৮২৭ | ১,৮৩৪ |
| ৬ | সদস্যদের সঞ্চয় স্থিতি (টাকা) | ২১,৬২,১৯,৭৯৬ | ২৪,০৬,৭৫,৬৪৩ | ২৭,২০,৮০,৫৬৩ | ২৮,৬৮,৪৯,৮৯৯ | ৩১,৯৩,৭৪,৬৪৬ |
| ৭ | মাঠে ঋণস্থিতি (টাকা) | ৫৬,৭৮,৮১,৩০৭ | ৫৭,২৫,৬১,২৩০ | ৭৭,৪৩,৮৯,১৩৩ | ৮৩,৯১,১৮,৪৪৭ | ৯৫,২৭,৬০,৩১৯ |
| ৮ | বকেয়ার পরিমাণ (টাকা) | ১৮,৮০,৬৬,৬৭৩ | ৯,৪২,১০,২২২ | ৮,২৪,৫৪,৬৭২ | ৬,৮৬,৬১,২৮৮ | ৭,৮২,৪৩,৬২৭ |
| ৯ | বাৎসরিক উদ্বৃত্ত (টাকা) | (১১,৭৫,৫৩১) | ১৬,১১,৩০৯ | ৫০,৪৪,৯৭১ | ১,৯২,৮০,৬৩৪ | ৩,৮৩,৫৩,৭৯০ |
| ১০ | এ পর্যন্ত উদ্বৃত্ত (টাকা) | ১০,৯৩,৩৫,৮৩০ | ১১,০৩,২১,২৬৩ | ১১,৫৩,৬৬,২৩৫ | ১৩,৪৬,৪৬,৮৬৯ | ১৭,৩০,০০,৬৫৯ |

# ২০২৪-২০২৫ অর্থবছরের পরিকল্পনা

সংস্থার বর্তমান সার্বিক অবস্থা বিবেচনা করে আগামী অর্থবছরে আমরা নিম্নোক্ত পরিকল্পনা গ্রহণ করেছি-

| ক্রমিক নং | বিবরণ | সংখ্যা/টাকা |
|---|---|---|
| ১ | শাখা স্থাপন | ৪ টি |
| ২ | জনবল নিয়োগ | ১২ জন |
| ৩ | থানা/উপজেলা | ৪ টি |
| ৪ | ইউনিয়ন | ৮টি |
| ৫ | গ্রাম | ২০ টি |
| ৬ | সমিতি গঠন | ৫০টি |
| ৭ | সদস্য ভর্তি | ৭৫০ জন |
| ৮ | ঋণ গৃহীতা বৃদ্ধি | ৫০০ জন |
| ৯ | ঋণ বিতরণ | ১৮৬,৪৯,০০,০০০ টাকা |
| ১০ | ঋণ আদায় | ১৫৪,৩৭,১২,০০০ টাকা |
| ১১ | ঋণস্থিতি বৃদ্ধি পাবে | ৩২,১১,৮৮,০০০ টাকা |
| ১২ | ঋণস্থিতি দাঁড়াবে | ১২৭,৩৯,৪৮,০০০ টাকা |
| ১৩ | সঞ্চয় আদায় | ২৮,০৩,০০,০০০ টাকা |
| ১৪ | সঞ্চয় ফেরত/উত্তোলন | ২০,০০,০০,০০০ টাকা |
| ১৫ | সঞ্চয় স্থিতি বৃদ্ধি পাবে | ৮,০৩,০০,০০০ টাকা |
| ১৬ | সঞ্চয় স্থিতি দাঁড়াবে | ৩৯,৯৬ ,৭৪,০০০ টাকা |
| ১৭ | মূলধনী খাতে ব্যয় (ভূমি, যানবাহন, দালানকোঠা, আসবাবপত্র, কম্পিউটার এন্ড এক্সেসরিজ) | ৩১,৯৫,০০০ টাকা |
| ১৮ | সার্ভিস চার্জ আদায় | ২২,২৩,৯৬,০০০ টাকা |
| ১৯ | ব্যাংক সুদ প্রাপ্তি | ৪২,৭৮,০০০ টাকা |
| ২০ | পিকেএসএফকে সার্ভিস চার্জ পরিশোধ | ২,৪৫,১৮,৯০০ টাকা |
| ২১ | বেতন-ভাতা খরচ | ৭,৬০,২৫,৫০০ টাকা |
| ২২ | অফিস খরচ | ১,৩২,৪৮,৬০০ টাকা |
| ২৩ | সদস্যদের সুদ প্রদান | ২,৫৬,৫৭,০০০ টাকা |
| ২৪ | মোট আয় | ২২,৭৬,৪১,০০০ টাকা |
| ২৫ | মোট ব্যয় | ১৮,১১,৪১,০০০ টাকা |
| ২৬ | নীট উদ্বৃত্ত | ৪,৬৫,০০,০০০ টাকা |
| ২৭ | সদস্য কল্যাণ তহবিল আদায় | ৭৭,৬৯,০০০ টাকা |
| ২৮ | সদস্য কল্যাণ তহবিল ফেরত | ৫৯,৬০,০০০ টাকা |
| ২৯ | সদস্য কল্যাণ তহবিল স্থিতি বাড়বে | ১৮,০৯,০০০ টাকা |
| ৩০ | সদস্য কল্যাণ তহবিলের স্থিতি দাঁড়াবে | ২,৬০,৪২,০০০ টাকা |
| ৩১ | পিকেএসএফ থেকে ঋণ গ্রহণ | ৪০,৫০,০০,০০০ টাকা |
| ৩২ | পিকেএসএফকে ঋণ পরিশোধ | ৩২,৩৭,৮৫,০০০ টাকা |
| ৩৩ | পিকেএসএফ-এর পাওনা বাড়বে | ৮,১২,১৫,০০০ টাকা |
| ৩৪ | সামাজিক কার্যক্রমে ব্যয় | ১০,০০,০০০ টাকা |
| ৩৫ | ব্যাংক থেকে ঋণ গ্রহণ | ১০,০০,০০,০০০ টাকা |

# কেস স্টাডি

## কালামৃধা ব্রাঞ্চ

## স্বাবলম্বী নারী শিরিনা বেগম



ইচ্ছা আর মনবলই মানুষকে স্বাবলম্বী করে তোলে। কাজে একাগ্রতা আর স্বল্পপুঁজি অনেক সময় জীবনে বয়ে আনে বড় সফলতা। তারই প্রমাণ মেলে মাদারীপুর জেলার, শিবচর উপজেলার , নিলখী গ্রামের শিরিনা বেগমের ক্ষেত্রে। তার দূর্বিষহ জীবন মুছে গিয়ে ফিরে এসেছে আর্থিক সচ্ছলতা ।

অথচ কিছু দিন আগেও শিরিনা বেগমের স্বামী-হায়দার মাতুব্বর দিন মজুরী করে জীবিকা নির্বাহ করতেন। যেদিন কাজ পেতেন সেদিন কোন মতে ছেলে মেয়েদের নিয়ে দু-মুঠো খেয়ে থাকতেন। খেয়ে না খেয়ে অর্ধাহারে দিন কাটাতেন শিরিনা বেগম। শিরিনা বেগম ভাবলেন সংসারে একটু বাড়তি আয়ের জন্য নিজেকেই কিছু একটা করতে হবে। প্রতিবেশী ও বিত্তবানদের কাছ থেকে আর্থিক সহায়তা চেয়েও পাননি তিনি। তাদের কেউ সাহায্যের হাত বাড়িয়ে দেয়নি। সাধ থাকা সত্ত্বেও ছেলে মেয়েদেরকে স্কুলে পাঠাতে পারেননি শিরিনা বেগম। একদিকে প্রায় কর্মহীন স্বামী অন্যদিকে ক্ষুধা আর নির্ঘুম রাত শিরিনা বেগমের জীবন দূর্বিষহ করে দিয়েছে। কিন্তু জীবন তো আর থেমে থাকে না।

সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ এন্ড সোসাল অ্যাকশন (কারসা)-এর ক্ষুদ্রঋণ কর্মসূচি তার জীবনের মোড় ঘুরিয়ে দেয়। শিরিনা বেগম ২০২০ সালের জানুয়ারি মাসে কারসা'র সদস্য হন। প্রথম দফায় ১০,০০০/- টাকা ঋণ গ্রহণ করে তার মধ্যে ৮,০০০/-টাকা দিয়ে বাঁশ ও বেত কিনেন এবং তা দিয়ে কুটির শিল্প (মোড়া, কুলা, ঝুড়ি) ইত্যাদি তৈরির কাজ শুরু করেন। অবশিষ্ট ২,০০০/- টাকা দিয়ে তার স্বামী ঝাল মুড়ির ব্যবসা শুরু করেন। স্বামীও তার কাজের ফাকে শিরিনা বেগমকে সহায়তা করেন। কুটির শিল্পের কাজ করে খুব ভালভাবেই এগোতে লাগলো শিরিনা বেগম। দৈনিক সে ৩ থেকে ৫ টি মোড়া তৈরী করতে পারে তার এ ছোট কারখানায় যাতে তার ব্যয় হয় মাত্র ৬০০-১,০০০/-টাকা আর তা বিক্রি করেন ১,৫০০ থেকে ২,৫০০/- টাকা। এতে তার সপ্তাহে গড় লাভ হয় ৬,০০০-৮,০০০/- টাকা। ভালভাবে সংসার চলতে শুরু করে তার। শিরিনা বেগমের উপার্জিত আয়ের কিছু অংশ সঞ্চয় জমা করেন। পাশাপাশি বাড়ির আঙিনায় শাকসবজির চাষাবাদ শুরু করেন। আস্তে আস্তে তার ঋণের টাকা ও পরিশোধ হতে থাকে। ঋণ পরিশোধ করে শিরিনা বেগম পুনরায় ৫০,০০০/- টাকা ঋণ নিয়ে তার কুটিরশিল্পের কারখানা বড় করেছেন। আজ তার কারখানায় ৪ জন লোক দৈনিক মজুরীতে কাজ করছেন। তার ছোট ছেলে এখন পড়ালেখা করেন। মেয়েকেও বিয়ে দিয়েছেন। বসত বাড়িটি পাকা করছেন। সুখ আর সচ্ছলতায় তার জীবন কাটে এখন। শিরিনা বেগম এখন এলাকার একজন আদর্শ নারী।

তাদের দুঃখের দিনে যে প্রতিষ্ঠান (কারসা) তাকে আর্থিক সহায়তা দিয়েছিল তিনি তার সার্বিক মঙ্গল কামনা করেন এবং কৃতজ্ঞতা স্বীকার করেন।

# স্বাবলম্বী মোসাঃ জিলু বেগম



ইচ্ছা আর মনোবলই মানষকে স্বাবলম্বী করে তোলে । স্বল্প পুঁজি থেকে বড় উদ্যোক্তা হবার নজির অনেক আছে । ধৈর্য্য আর একাগ্রতা থাকলে স্বল্প পুঁজি নিয়েও জীবনের অনেক বড় পরিবর্তন আনা সম্ভব; তারই প্রমাণ ঘোষাল গজনাইপুর মোসাঃ জিলু বেগম । তার কষ্টের জীবন মুছে গিয়ে ফিরে এসেছে আর্থিক স্বচ্ছলতা।

অভাব অনটন আর দুশ্চিন্তায় জর্জরিত মোসাঃ জিলু বেগম কিছুদিন আগেও ছিলেন সাধারণ গৃহিনী। ১ ছেলে ও ৪ মেয়ে নিয়ে সংসার খুব কষ্টে কেটেছে। এই তরুণী মা সন্তানদের ভবিষ্যত নিয়ে ছিলেন দিশেহারা। স্বামীর অল্প পরিমাণ জমির সবজি চাষের আয়ে তাদের সংসার আর ছেলে-মেয়ের ভরণ-পোষণ চলাতে খুবই কষ্ট হত। সংসারের অভাব অনাটন জিলু বেগমকে স্থির থাকতে দিত না। তিনি ভাবতেন সংসারে একটু বাড়তি আয়ের জন্য নিজেকেই কিছু একটা করতে হবে। সারাক্ষণ কোনো উপায় খুঁজে চলেছেন। স্থানীয় মহাজনদের কাছ থেকে ঋণ গ্রহণের জন্য ঋণদাতা খুঁজতে থাকেন। তখন প্রতিবেশী কুলছুম বিবির কাছ থেকে বিভিন্ন এনজিও সমন্ধে জানতে পারেন। বিভিন্ন এনজিওর তথ্য জানার পর কারসার সুযোগ সুবিধার কথা বিবেচনা করেন এবং তার স্বামীর সাথে আলাপ করে কারসা'র ফিল্ড অফিসারের সাথে যোগাযোগ করে ১০ টাকা দিয়ে ভর্তি হন জাজিরা ব্রাঞ্চের জাগরণ ঋণ কার্যক্রমের সুগন্ধা মহিলা সমিতিতে। আশ্বস্ত হয়ে জিলু বেগম গ্রামের সুদের টাকার চিন্তা বাদ দিয়ে কারসা অফিস থেকে ১ম বছরে ৩০,০০০/- টাকা ঋণ গ্রহণ করে অল্প কিছু জমি লিজ নিয়ে সবজি চাষের জমি বাড়িয়ে দেন। সেই সাথে তিনি আরও ২০ শতাংশ জমিতে আখ চাষও শুরু করেন। তার উৎপাদিত সবজি প্রতি সপ্তহে বিক্রি হয়। বিক্রিত সবজির টাকা দিয়ে কিস্তি পরিশোধের পরও কিছু টাকা সঞ্চয় থাকে।

দ্বিতীয় দফায় কারসা থেকে ৫০,০০০/- টাকা ঋণ গ্রহণ করেন। ঘুরে যেতে থাকে সংসারের অবস্থা। জিলু বেগমের সহযোগিতায় স্বামীর আখ চাষের পরিমাণ আরও বাড়তে থাকে। আখ বিক্রির টাকায় সন্তানদের লেখাপড়া এবং বাড়তি চাহিদা পুরণ করতে পারছেন।

এ পর্যায়ে জিলু বেগম সঞ্চয়ের কিছু টাকা এবং কারসা থেকে তৃতীয় দফায় আরও ১,০০,০০০/- ঋণ গ্রহণ করে একটি গাভী কিনেছেন। গাভীর দুধ বিক্রির ফলে আয়ের পরিমাণ আরও বেড়ে গেছে। সবজি চাষের জমি বাড়তে থাকে। দু'বেলা দু'মুঠো ভাতের যোগান দিতে হিমশিম অবস্থার সংসারে এখন স্বচ্ছলতা ফিরে এসেছে। সন্তানদের উপযুক্ত মানুষ করে গড়ে তুলতে তাদেরকে ঠিকমত লেখাপড়া করানোর কথা ভাবছেন জিলু।

তিনি আশা করেন সব ঠিক থাকলে একদিন তাদের আখ ক্ষেত থেকে লক্ষ টাকা আয় হবে। আর কে না জানে স্বপ্নই মানুষকে তার গন্তব্যে পৌঁছে দেয়। লাগে সাহস, আর উদ্যম, আর সেটাই ছিল জিলু বেগমের পুঁজি। কারসার সহযোগিতার কথা মনে রেখেছেন জিলু বেগম। এখন প্রতিবেশীরা জিলু বেগমের নিকট

# এক জন সফল উদ্যোক্তার স্বপ্ন পুরনের লড়াই



ইচ্ছাই শক্তি। ইচ্ছা আর মনোবলেই মানুষকে স্বাবলম্বী করে তোলে। কাজে একাগ্রতা থাকলে বিনিয়োগ বড় বাধাঁ হতে পারেনা। অল্প পুঁজি নিয়েও ধৈর্য্যের সাথে কাজ করে যেতে পারলে উন্নতি হয়। অভিগ্যতা থেকে শক্তি আসে, আর সম্ভাবনা বিচার করে নিরাপদে বিনিয়োগ করা যায়। তখন ঋণ শোধের জন্য দুশ্চিন্তা বড় হয়না, বরং ব্যবসা একটি আনন্দদায়ক চ্যালেঞ্জ হয়ে ওঠে। জীবনে সফলতা আসে। তারই প্রমাণ দিয়েছে মাদারীপুর জেলার কালকিনি উপজেলার লক্ষিপুর পখিরা গ্রামের রাবেয়া বেগম। দূর্বিসহ জীবন মুছে গিয়ে ফিরে এসেছে স্বচ্ছলতা। রাবেয়া বেগমের স্বামী মোঃ কাত্তসার হাত্তলাদার একটি ব্যাগ তৈরির কারখানায় কাজ করতেন ৩ মেয়ে নিয়ে ঠিক মত দুমুঠো তিন বেলা খেতে পারতনা। তার সংসারে ছিল খুব অভাব। কিন্তু তার সংসারের অভাব দিন দিন বাড়তে লাগলো, তাই স্বামী স্ত্রী পরার্মশ করে রাবেয়া বেগম ২০২১ সালে কালকিনি ব্রাঞ্চের বাঙ্গাবারিয়া মহিলা সমিতি থেকে ৭২,০০০/- জাগরণ ঋণ গ্রহণ করে একটি সেলাই মেশিন ও কিছু ব্যাগ তৈরির কাপর ক্রয় করে কাজ শুরু করেন এবং স্থানীয় বাজারে তা বিক্রি শুরু করেন। এভাবে অভাবের মাঝে চলতে থাকে তাদের জীবন। সংসারের উন্নতির জন্য ২০২২ সালে দ্বিতীয় দফায় কারসা থেকে ৯৬,০০০/- জাগরণ ঋণ গ্রহণ করেন এবং উৎপাদন বাড়িয়ে দেন। খুরচা বিক্রির সাথে সাথে একটু বড় পরিসরে পাইকারী দেয়া শুরু করেন । বাড়তে থাকে বিক্রির পরিমাণ এবং ব্যবসায় সফলতা দেখা যায়। ২০২৪ সালে তৃতীয় দফায় ১,০০,০০০/- ঋণ নিয়ে কালকিনি বাজারে একটি নতুন দোকান ভাড়া নিয়ে ব্যাবসা শুরু করেন। বর্তমানে তার ব্যাগ তৈরীর একটি কারখানা আছে। এখন তার আর্থিক ও সামাজিক অবস্থার উন্নতি হয়েছে। এই কারখানায় উৎপাদন বৃদ্ধির জন্যে ১ জন সার্বক্ষণিক শ্রমিক নিয়োগ দিয়েছেন তিনি। তিনি ব্যবসা সম্প্রসারণের মাধ্যমে মানুষের কর্মসংস্থানের স্বপ্ন দেখেন। কারসায় সদস্য হওয়ার সময় তার পুঁজি ছিল মা-বাবার দোয়া এবং কাজের অভিজ্ঞতা। এখন তিনি একটি কারখানার মালিক। এভাবেই চলতে থাকে রাবেয়া বেগম সফলতার দিন। মেয়েরা এখন স্কুলে পড়ে । সফল উদ্যোক্তা রাবেয়া বেগম মনে করেন প্রচেষ্টা থাকলে মানুষ হারেনা, উন্নতি হবেই হবে।




পরিবেশ স্বাভাবিক রাখা, সেই সাথে পরবর্তী প্রজন্মের জন্যে পৃথিবী বাসযোগ্য করে গড়ে তোলার জন্যে গাছ অপরিসীম ভূমিকা রাখতে পারে। সঙ্গত কারণে গাছ লাগানো খুবই জরুরী। এ জন্যে আমরা যার যার অবস্থান থেকে ভূমিকা রাখতে পারি। কারসা যেহেতু প্রত্যন্ত অঞ্চলের মানুষদের নিয়েও কাজ করে সেখানে বৃক্ষ রোপন অভিযান চালনো যায় বলে সংস্থা মনে করেন। সংস্থায় বর্তমানে ২৫ হাজার সদস্য আছে। ঐ সদস্যদের পরিবেশ রক্ষা তথা তাদেরই গাছ লাগানোর মাধ্যমে পরে বড় হলে বিক্রয় করে অর্থনৈতিক প্রাপ্তি সাথে সাথে বিভিন্ন উপকারীতার কথা মনে করিয়ে দিয়ে গাছ লাগানোর জন্যে উদ্বুদ্ধ করা গেলে এ অভিযান সফল হবে। সদস্যদের উদ্বুদ্ধ করার সাথে সাথে অল্প সংখ্যক চারা গাছ বিতরণ করা হয়েছে।



সংস্থার মাদারীপুর এবং শরীয়তপুর এরিয়ারমত ব্রাঞ্চ ম্যানেজারদের নিয়ে পরিকল্পনা বাস্তবায়ন এবং মাসিক অগ্রগতি প্রতিবেদন নিয়ে ভাংগা এরিয়ার এরিয়া ম্যানেজার-এর মাসিক সভা।




আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস-২০২৩ পালন।



পারিবারিক কারণে কালমৃধা ব্রাঞ্চ থেকে চাকুরি থেকে ইস্তফা নেয়া ফিল্ড অফিসার জনাব শাহচান হোসাইন-কে বিদায় জানান সহকর্মীগণ।




কার্যক্রম নিয়ে সংস্থার চেয়ারম্যান, নির্বাহী কমিটির সদস্য এবং নির্বাহী পরিচালক সহ উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা।




পিকেএসএফ-এর আর্থিক সহযোগিতায় শিক্ষার্থী জনাব মোহাম্মদ হাবিব-কে শিক্ষাবৃত্তির চেক তুলে দেয়া হচ্ছে।

**Independent Auditors' Report**
**To the member of governing body of**
**Center For Advanced Research And Social Action ( CARSA)**

## Opinion

We have audited the financial statements of **"Center For Advanced Research And Social Action( CARSA)"**, which comprise the Consolidated Statement of Financial Position as at June 30, 2024, Consolidated Statement of Income & Expenditure, Consolidated statement of Receipts & Payment and Consolidated statement of cash flows for the year ended June 30, 2024 and Notes to the Financial Statements, including a summary of significant accounting policies and other explanatory information.

In our opinion, the accompanying financial statements present fairly, in all material respects, the financial position of **Center For Advanced Research And Social Action ( CARSA),** as at June 30, 2024 and the result of its operations and its Consolidated receipts and payments for the year then ended in accordance with the basis of principle of accounting policies to the consolidated financial statements and comply with applicable laws and regulations.

## Basis for Opinion

We conducted our audit in accordance with International Standards on Auditing (ISAs). Our responsibilities under those standards are further described in the Auditors' Responsibilities for the Audit of the Financial Statements section of our report. We are independent of the organization in accordance with the ethical requirements that are relevant to our audit of the financial statements in Bangladesh, and we have fulfilled our other ethical responsibilities in accordance with these requirements. We believe that the audit evidence we have obtained is sufficient and appropriate to provide a basis for our opinion.

## Responsibilities of Management and Those Charged with Governance for the Financial Statements

Management is responsible for the preparation and fair presentation of the financial in accordance with International Financial Reporting Standards (IFRSs) as explained in note 3, and for such internal control as management determines is necessary to enable the preparation of financial statements that are free from material misstatement, whether due to fraud or error.
In preparing the financial statements, management is responsible for assessing the organization's ability to continue as a going concern, disclosing, as applicable, matters related to going concern and using the going concern basis of accounting unless management either intends to liquidate the company or to cease organization, or has no realistic alternative but to do so.
Those Charged with Governance are responsible for overseeing the Organization's financial reporting process.

## Auditors' Responsibilities for the Audit of the Financial Statements

Our objectives are to obtain reasonable assurance about whether the financial statements as a wholeare free from material misstatement, whether due to fraud or error, and to issue an auditors' report that includes our opinion. Reasonable assurance is a high level of assurance, but it does not guarantee that an audit conducted in accordance with ISAs will always detect a material misstatement when it exists. Misstatements can arise from fraud or error and are considered material if, individually or in the aggregate, they could reasonably be expected to influence the economic decisions of users taken on the basis of these financial statements.
As part of an audit in accordance with ISAs, we exercise professional judgment and maintain professional skepticism throughout the audit. We also:

- Identify and assess the risks of material misstatement of the financial statements, whether due to fraud or error, design and perform audit procedures responsive to those risks, and obtain audit evidence that is sufficient and appropriate to provide a basis for our opinion. The risk of not detecting a material misstatement resulting from fraud is higher than for one resulting from error, as fraud may involve collusion, forgery, intentional omissions, misrepresentations, or the override of internal control.

- Obtain an understanding of internal control relevant to the audit in order to design audit procedures that are appropriate in the circumstances, but not for the purpose of expressing an opinion on the effectiveness of the Fund's internal control.
- Evaluate the appropriateness of accounting policies used and the reasonableness of accounting estimates and related disclosures made by management.
- Conclude on the appropriateness of trustees' use of the going concern basis of accounting and, based on the audit evidence obtained, whether a material uncertainty exists related to events or conditions that may cast significant doubt on the Fund's ability to continue as a going concern. If we conclude that a material uncertainty exists, we are required to draw attention in our auditor's report to the related disclosures in the financial statements or, if such disclosures are inadequate, to modify our opinion. Our conclusions are based on the audit evidence obtained up to the date of our auditor's report. However, future events or conditions may cause the Fund to cease to continue as a going concern.

**We also report that**

(a) We have obtained all the information and explanations which to the best of our knowledge and belief were necessary for the purposes of our audit and made due verification thereof;

(b) In our opinion, proper books of account as required by law have been kept by the trusty board so far as it appeared from our examination of those books;

(c) The statement of financial position and statement of comprehensive income dealt with by the report are in agreement with the books of account.

**Date: September 15, 2024**
**Dhaka**

**Mollah Quadir Yusuf & Co.**
Chartered Accountants
Signed by:
**Md. Musfiqur Rahman FCA**
Partner
Enrolment No.: 1023
**DVC#** 2409221023AS366719

Centre For Advanced Research And Social Action (CARSA)
Statement of Financial Position
As at 30June 2024

Figures in Taka

| Particulars | Notes | 30 June 2024 | 30 June 2023 |
|---|---|---|---|
| **Property and Assets** | | | |
| **Non-Current Assets :** | | | |
| Property, Plant and Equipment | 6.00 | 14,541,624 | 14,475,961 |
| Intangible Assets | 7.00 | 103,416 | 132,703 |
| **Total Non-current Asset** | | **14,645,040** | **14,608,664** |
| **Current Assets :** | | | |
| Loan to Members | 8.00 | 952,760,319 | 839,118,447 |
| Other Loan-Short Term | 9.00 | 2,307,416 | 2,367,716 |
| Short Term Investments (FDR) | 10.00 | 59,354,474 | 53,549,814 |
| Interest Receivable | 11.00 | 1,692,000 | 1,165,000 |
| Unsettled Staff Advance | 12.00 | 1,046,582 | 1,046,582 |
| Advance, Deposits & Prepayments | 13.00 | 2,875,848 | 3,018,352 |
| Cash and Bank Balance | 14.00 | 154,510,428 | 125,414,689 |
| **Total Current Asset** | | **1,174,547,067** | **1,025,680,600** |
| **Total Properties and Assets** | | **1,189,192,107** | **1,040,289,264** |
| **Capital Fund and Liabilities** | | | |
| **Capital Fund** | | | |
| Cumulative Surplus | 15.00 | 155,828,151 | 121,270,549 |
| Statutory Reserve | 16.00 | 17,142,508 | 13,346,320 |
| Other Funds | 17.00 | 30,000 | 30,000 |
| **Total Capital Fund** | | **173,000,659** | **134,646,869** |
| **Non-Current Liabilities :** | | | |
| Loans from PKSF (Non-Current portion) | 18.00 | 250,350,017 | 238,883,346 |
| Gratuity Fund | 19.00 | 37,584,735 | 23,019,675 |
| **Total Non Current Liability** | | **287,934,752** | **261,903,021** |
| **Current Liabilities :** | | | |
| Loans from PKSF (Current Portion) | 18.00 | 259,416,644 | 220,758,315 |
| Loans from Commercial Bank-Short term | 20.00 | - | - |
| Other Loans-Short term | 21.00 | 32,833,088 | 30,808,216 |
| Members Savings (Compulsory) | 22.00 | 227,251,709 | 210,591,020 |
| Members Savings (Term Deposit) | 23.00 | 68,614,572 | 63,002,441 |
| Members Savings (Voluntary Saving) | 24.00 | 23,508,365 | 13,256,438 |
| Accounts Payable | 25.00 | 10,903,811 | 10,927,213 |
| Loan Loss Provision (LLP) | 26.00 | 80,425,764 | 71,866,820 |
| Liabilities for Expenses (Audit fee) | 27.00 | 69,000 | 60,000 |
| Member Welfare Fund | 28.00 | 24,233,903 | 21,713,756 |
| Provision for Income Tax | 29.00 | 999,840 | 755,155 |
| **Total Current Liabilities** | | **728,256,696** | **643,739,374** |
| **Total Liabilities** | | **1,016,191,448** | **905,642,395** |
| **Total Capital And Liabilities** | | **1,189,192,107** | **1,040,289,264** |

*Annexed notes form an integral part of these financial statements.*

**Sr.DGM (Accounts)**
CARSA

**Acting Executive Director**
CARSA

**Chairman**
CARSA

*'Signed in terms of our separate report of even date annexed.*

Dated: September 15, 2024
Dhaka

**Mollah Quadir yusuf & Co.**
*Chartered Accountants*
**Signed By: Md. Musfiqur Rahman, FCA**
Managing Partner
Enrollment No-1023

**Centre For Advanced Research And Social Action (CARSA)**

Statement of Income and Expenditure

For the year ended 30 June 2024

Figures in Taka

| Particulars | Notes | 01 July 2023 to 30 June 2024 | 01 July 2022 to 30 June 2023 |
|---|---|---|---|
| Income | | | |
| **Income from Microcredit operation** | | | |
| Service Charges on Loan | 30 | 185,113,017 | 157,069,410 |
| Other income from Microcredit operation(Pass book & forms) | 31 | 168,605 | 170,550 |
| **Total income from Microcredit operation** | | **185,281,622** | **157,239,960** |
| Bank Interest | 32 | 425,277 | 102,148 |
| Bank Interest on FDR for this year | 33 | 3,185,597 | 2,388,956 |
| Bank Interest on FDR Provision for this year | 33.01 | 527,000 | 247,000 |
| Others | 34 | 24,906 | 26,078 |
| **Total Income** | | **189,444,402** | **160,004,142** |
| | | | |
| **Expenditures** | | | |
| **Operational Expenses** | | | |
| **Finance Costs** | | | |
| Service Charge paid of PKSF loan | 35 | 24,513,939 | 17,889,129 |
| Interest on Member's Saving (Compulsory) | | 12,513,049 | 11,695,948 |
| Interest on Member's Saving (Terms deposit) | | 6,393,882 | 5,964,198 |
| Interest on Member's Saving (Voluntary deposit) | | 1,202,472 | 510,803 |
| Interest on Bank Loan | | - | 1,506,604 |
| Loan Interest to CPF (provision) | | 3,004,872 | 2,800,747 |
| **Total Finance costs** | | **47,628,214** | **40,367,429** |
| | | | |
| **General & Administrative Expenses** | | | |
| Salaries and Allowance | | 64,431,995 | 63,934,354 |
| Gratuity Provision | | 16,089,000 | 4,317,620 |
| Office Rent | | 3,952,623 | 3,757,768 |
| Printing | | 492,961 | 576,677 |
| Travelling | | 157,499 | 83,516 |
| Repair & Maintenance | | 144,080 | 175,660 |
| Fuel cost | | 1,664,743 | 1,351,458 |
| Gas | | 35,210 | 29,880 |
| Electricity | | 451,229 | 408,830 |
| Entertainment | | 193,788 | 119,911 |
| Newspaper and Periodicals | | 69,087 | 75,943 |
| Bank charges (FDR) | | 25,300 | 60,950 |
| Bank charges (Savings) | | 334,490 | 345,349 |
| Training Expenses | | 14,074 | 73,825 |
| Tax Expenses | | - | 400,000 |
| Registration & Annual Fees | | 370,193 | 223,555 |
| Meeting Expenses | | 282,135 | 249,690 |
| Donation to Enrich Project | | 840,000 | 770,000 |
| Other Operating Expenses | 36 | 4,126,597 | 3,483,659 |
| Audit Fee Expenses (Last year short Provision) | | 9,000 | 6,000 |
| Depreciation & Amortisation | | 495,921 | 763,466 |
| **Total General & Administrative Expenses** | | **94,179,925** | **81,208,111** |
| | | | |
| **Total Operational Expenses** | | **141,808,139** | **121,575,540** |
| | | | |
| **Net Operational Income before loan Loss Provision (LLP Expenses) & Income Tax** | | **47,636,263** | **38,428,602** |
| LLP Expenses | | (8,547,776) | (18,628,176) |
| Provision for Income Tax for the year | 29 | (999,840) | (755,155) |
| Short provision of Income Tax for previous year | 29 | (126,769) | (48,970) |
| **Excess of Income over Expenditure of Micro Finance Program** | | **37,961,878** | **18,996,301** |
| Add: Excess of Income over Expenditure (Enrich project) | | 391,912 | 284,333 |
| **Total Excess of Income over Expenditure** | | **38,353,790** | **19,280,634** |

*Annexed notes form an integral part of these financial statements.*

Sr.DGM (Accounts)
CARSA

Acting Executive Director
CARSA

Chairman
CARSA

*Signed in terms of our separate report of even date annexed.*

Dated: September 15, 2024
Dhaka

Mollah Quadir yusuf & Co.
*Chartered Accountants*
**Signed By: Md. Musfiqur Rahman, FCA**
Managing Partner
Enrollment No-1023

## Centre For Advanced Research And Social Action (CARSA)

Statement of Receipts and Payments

For the period from 01 July 2023 to 30 June 2024

Figures in Taka

| Particulars | Notes | 01 July 2023 to 30 June 2024 | 01 July 2022 to 30 June 2023 |
|---|---|---|---|
| **Receipts** | | | |
| **Opening Balance :** | | **125,357,963** | **12,443,368** |
| Cash at Bank | | 124,085,961 | 12,224,695 |
| Cash in Hand | | 1,272,002 | 218,673 |
| **Receipts during the year:** | | | |
| Loan from PKSF | 37 | 295,500,000 | 305,000,000 |
| Loan Realized from Members | 38 | 1,354,113,128 | 1,178,519,686 |
| Service Charge on Loan to Members | 39 | 185,113,017 | 161,060,522 |
| Advance, Deposits & Prepayments | 40 | 2,851,095 | 4,320,550 |
| FDR Encashment | | 34,032,981 | 41,026,538 |
| Bank Interest | | 425,277 | 102,148 |
| Interest on FDR | | 3,185,597 | 2,388,956 |
| Other income from Microcredit operation(Pass book & forms) | 31 | 168,605 | 170,550 |
| Member's Savings Collection (Compulsory) | | 160,064,706 | 129,368,237 |
| Member's Savings Collection (Term Deposit) | | 23,611,484 | 20,843,558 |
| Member's Savings Collection (Voluntary Saving) | | 34,014,247 | 17,893,739 |
| Collection against Member welfare Fund | | 5,216,740 | 5,650,775 |
| Staff Security Deposit | | 10,000 | 60,000 |
| Staff Welfare fund | | 74,450 | 75,150 |
| Loan received from Banks | | - | - |
| Loan realized from Enrich | | 971,000 | 2,508,744 |
| Loan realized from CPF | | - | 132,780 |
| Loan received from CPF | | 1,000,000 | - |
| Advance fund received from PKSF (Enrich) | | 2,795,403 | 3,095,939 |
| Received of Income Tax from Staff | | 237,000 | 212,800 |
| Unsettled Claim Savings | | 73,238 | - |
| Educational Scholarship | | - | 624,000 |
| Others Income & Receipts | 41 | 36,073 | 1,096,065 |
| **Total Receipt During the Year** | | **2,103,494,041** | **1,874,150,737** |
| **Total Receipts** | | **2,228,852,004** | **1,886,594,105** |
| **Payments** | | | |
| Loan refund to PKSF (Principal) | 42 | 245,375,000 | 176,825,000 |
| Loan disbursed to Members | 43 | 1,467,755,000 | 1,243,249,000 |
| Service Charge paid to PKSF loan | 44 | 24,513,939 | 17,889,129 |
| Capital Expenditure | 45 | 543,577 | 97,800 |
| Advance, Deposits & Prepayments | 46 | 2,235,195 | 3,275,000 |
| Investment (FDR) | 47 | 39,837,641 | 43,369,361 |
| Interest on Member's Saving (Compulsory) | | 12,513,049 | 11,695,948 |
| Interest on Member's Saving (Terms deposit) | | 6,393,882 | 6,637,033 |
| Interest on Member's Savings(Voluntary Saving) | | 1,202,472 | 510,803 |
| Bank Loan Interest | | - | 1,506,604 |
| Salaries and Allowance | | 64,431,995 | 63,934,354 |
| Office Rent | | 3,952,623 | 3,757,768 |
| Printing | | 492,961 | 576,677 |
| Travelling | | 157,499 | 83,516 |
| Repair & Maintenance | | 144,080 | 175,660 |
| Fuel cost | | 1,664,743 | 1,351,458 |
| Gas Bill | | 35,210 | 29,880 |
| Electricity bill | | 451,229 | 408,830 |
| Entertainment | | 193,788 | 119,911 |
| Newspaper and periodicals | | 69,087 | 75,943 |
| Bank charges (Savings) | | 334,490 | 345,349 |
| AIT Deducted at source (Saving) | | 124,009 | 26,011 |
| Bank charges FDR | | 25,300 | 60,950 |
| AIT Deducted at source (FDR) | | 397,656 | 352,885 |

| Particulars | Notes | 01 July 2023 to 30 June 2024 | 01 July 2022 to 30 June 2023 |
|---|---|---|---|
| Income Taxes paid in cash | | 478,028 | 650,188 |
| Service Charge Rebate | | - | 3,991,112 |
| Training Expenses | | 14,074 | 73,825 |
| Tax Expenses | | | 400,000 |
| Registration & Annual Fees | | 370,193 | 223,555 |
| Meeting Expenses | | 282,135 | 249,690 |
| Donation to Enrich Project | | 840,000 | 770,000 |
| Other Operating Expenses | 48 | 4,082,596 | 3,835,690 |
| Audit Fee | | 69,000 | 66,000 |
| Member's Savings Refund (Compulsory) | | 143,404,017 | 124,965,380 |
| Member's Savings Refund (Terms Deposit) | | 17,999,353 | 19,756,536 |
| Member's Savings Refund (Voluntary) | | 23,762,320 | 8,614,282 |
| Payment against Member welfare Fund | | 2,696,593 | 3,565,494 |
| Staff Security Deposit Refund | | 35,000 | 55,000 |
| Loan Refund to CPF | | 2,000,000 | |
| Bank loan Refund | | - | 9,280,000 |
| Staff Welfare fund refund | | 20,000 | 70,000 |
| Gratuity Paid to staff | | 1,523,940 | 1,528,749 |
| Advance paid to Enrich Branch (PKSF fund) | | 2,795,403 | 3,095,939 |
| Loan Paid to Enrich | | 2,311,000 | 2,420,000 |
| Income tax paid (staff) | | 237,000 | 212,800 |
| Educational Scholarship | | - | 624,000 |
| Terms Member Saving Bonus payment | | 126,690 | 387,032 |
| Advance to employe | | 5,700 | 46,000 |
| Total | | 2,075,897,467 | 1,761,236,142 |
| | | | |
| Closing Balance : | | 152,954,537 | 125,357,963 |
| Cash at Bank | | 151,384,446 | 124,085,961 |
| Cash in Hand | | 1,570,091 | 1,272,002 |
| | | | |
| Grand Total | | 2,228,852,004 | 1,886,594,105 |

*Annexed notes form an integral part of these financial statements.*

Sr.DGM (Accounts)
CARSA

Acting Executive Director
CARSA

Chairman
CARSA

*'Signed in terms of our separate report of even date annexed.*

Dated: September 15, 2024
Dhaka

**Mollah Quadir yusuf & Co.**
*Chartered Accountants*
**Signed By: Md. Musfiqur Rahman, FCA**
Managing Partner
Enrollment No-1023

## Centre For Advanced Research And Social Action (CARSA)

Statement of Cash Flows

For the year ended 30 June 2024

Figures in Taka

| Particulars | Notes | 01 July 2023 to 30 June 2024 | 01 July 2022 to 30 June 2023 |
|---|---|---|---|
| **A. Cash Flows From Operating Activities:** | | | |
| Surplus for the period after Provisions | | 37,961,878 | 18,996,301 |
| Surplus Enrich for last previous period | | 391,912 | 284,333 |
| | | 38,353,790 | 19,280,634 |
| **Add: Amount considered as non cash items:** | | | |
| Loan loss Provision | 26 | 8,558,944 | 18,638,296 |
| Provision for Income Tax for the year | 29 | 244,685 | (201,562) |
| Accrued interest on FDR | 11 | (527,000) | (247,000) |
| Gratuity Provision | 19 | 14,565,060 | 2,788,871 |
| Depreciation for the year | | 507,201 | 778,160 |
| **Sub-total of surplus after adjustment of non-cash items** | | 23,348,890 | 21,756,765 |
| (Increase)/Decrease in Loan disbursed to Members | 8 | (113,641,872) | (64,729,314) |
| (Increase)/Decrease in current Assets | 9,12,13 | 202,804 | 801,330 |
| Increase/(Decrease) in current Liabilities | 25 | (14,402) | (376,282) |
| | | (113,453,470) | (64,304,266) |
| **Net Cash used in operating activities** | | (51,750,790) | (23,266,867) |
| **B. Cash Flow From Investing Activities:** | | | |
| Acquisition of Property, Plant and Equipment | 6 | (543,577) | (97,800) |
| Investment in FDR | 10 | (5,804,660) | (2,342,823) |
| **Net cash used in Investing activities** | | (6,348,237) | (2,440,623) |
| **C. Cash Flow From Financing Activities:** | | | |
| Loan Received | 18,20,21 | 52,149,872 | 121,695,747 |
| Member savings (Compulsory) | 22 | 16,660,689 | 4,402,857 |
| Member savings (Terms Deposit) | 23 | 5,612,131 | 1,087,022 |
| Member Savings (Voluntary Savings) | 24 | 10,251,927 | 9,279,457 |
| Members Saving Deposits (Enrich) | | | (108,000) |
| Member Welfare Fund | 28 | 2,520,147 | 2,085,281 |
| **Net Cash Used in Financing Activities** | | 87,194,766 | 138,442,364 |
| D.Net increase /decrease (A+B+C) | | 29,095,739 | 112,734,874 |
| Add: Cash and Bank Balance at the beginning of the year | | 125,414,689 | 12,679,815 |
| **Cash and Bank Balance at the end of the year** | | 154,510,428 | 125,414,689 |
| **The break-up of the closing cash and bank balance is as under:** | | | |
| Cash In Hand (CARSA) | | 1,570,091 | 1,272,002 |
| Cash at Bank (CARSA) | | 151,384,446 | 124,085,961 |
| Cash at Bank (Enrich Project) | | 1,555,891 | 56,726 |
| Total | | 154,510,428 | 125,414,689 |

Sr. DGM (Accounts)
CARSA

Acting Executive Director
CARSA

Chairman
CARSA

Dated: September 15, 2024
Dhaka

# Centre For Advanced Research And Social Action (CARSA)

Statement of Changes in Capital Fund

For the period ended 30 June 2024

Figure in Taka

| Particulars | FY 2023-2024 | | | | FY 2022-2023 |
|---|---|---|---|---|---|
| | Cumulative Surplus | Statutory Reserve | Other Funds | Total | |
| Balance as at July 01,2023 | 121,270,549 | 13,346,320 | 30,000 | 134,646,869 | 115,366,235 |
| Add : Surplus during the year | 37,961,878 | - | - | 37,961,878 | 18,996,301 |
| Less : Transfer to statutory reserve fund | (3,796,188) | 3,796,188 | - | - | - |
| Add : Surplus of (Enrich project) during the year | 391,912 | - | - | 391,912 | 284,333 |
| Less : Short tax Provision for last year | - | - | - | - | - |
| **Balance as at June 30, 2024** | **155,828,151** | **17,142,508** | **30,000** | **173,000,659** | **134,646,869** |

**Sr.DGM (Accounts)**
CARSA

**Acting Executive Director**
CARSA

**Chairman**
CARSA

Dated: September 15, 2024
Dhaka

# সমৃদ্ধি কর্মসূচি

## পটভূমি

জনজীবনে টেকসই উন্নয়নের জন্যে আর্থিক স্বচ্ছলতার পাশাপাশি সাংস্কৃতিক ও সামাজিক কর্মকাণ্ড যুক্ত থাকা অত্যন্ত জরুরী। কারসার শুরু থেকে বিভিন্ন সামাজিক উদ্যোগ গ্রহণ করে স্থানীয় মানুষের সাংস্কৃতিক চৈতন্যে পরিবর্তন আনার প্রচেষ্টা চালিয়ে আসছে। এই ধারাবাহিকতার সাথে পিকেএসএফ-এর সহযোগিতায় কারসা মাদারীপুর জেলার কালকিনি উপজেলার আলীনগর ইউনিয়নে "দরিদ্র পরিবারসমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি" (সমৃদ্ধি) কর্মসূচি শুরু করে।

সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ এন্ড সোসাল অ্যাকশন (কারসা) আলীনগর ইউনিয়নে ১৯৯৬ সাল থেকে ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচনে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার মাধ্যমে দারিদ্র্য বিমোচন করতে গিয়ে কারসা উপলব্ধি করেছে যে, প্রকৃত অর্থে দারিদ্র বিমোচনের জন্য স্বাস্থ্য, পুষ্টি, শিক্ষাসহ দরিদ্র মানুষের জীবন ও জীবিকা সংশ্লিষ্ট অন্যান্য বিষয়গুলো নিয়ে সমন্বিত কর্মসূচি গ্রহণ করা প্রয়োজন। এই প্রেক্ষাপটে কারসা ২০১২ সালে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর আর্থিক সহয়তায় দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবার সমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) কর্মসূচির আওতায় বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের কাজ শুরু করে, যা চলমান রয়েছে।

## সমৃদ্ধি কর্মসূচির আওতাধীন চলমান কার্যক্রম

গত জাতীয় সংসদ নির্বাচন সংশ্লিষ্ট সহিংসতায় আলীনগরের সামাজিক পরিবেশ প্রচন্ডভাবে অস্থির হয়ে ওঠে, যা নির্বাচনের পরেও চলতে থাকে। মারামারি, লুটতরাজ, হত্যা ও অগ্নিকাণ্ডের ঘটনার জন্য সমৃদ্ধি কার্যক্রম পরিচালনায় মারাত্মক বাধার সৃষ্টি হয়। বর্তমানে দুই পক্ষের প্রায় অর্ধশত মামলা চলমান থাকায় আলীনগরের সামাজিক পরিবেশ এখনও স্বাভাবিক অবস্থায় ফিরে আসেনি। ফলে সমৃদ্ধি কার্যক্রমের লক্ষ্য অর্জন বাধাগ্রস্থ হয়েছে। উভয় পক্ষের নেতৃবৃন্দের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগের মাধ্যমে কার্যক্রম পরিচালিত হচ্ছে। অপর দিকে পিকেএসএফ থেকে কতিপয় কার্যক্রম সীমিত করার নির্দেশনা ছিল ।

## ১। স্বাস্থ্য কার্যক্রম

আলীনগর ইউনিয়নের প্রতি ৫০০টি পরিবারের বিপরীতে কর্মরত রয়েছেন ১ জন স্বাস্থ্য পরিদর্শক। ইউনিয়নের মোট পরিবার ৩,৯৩৯টি। এ হিসাব অনুযায়ী ৮ জন স্বাস্থ্য পরিদর্শক কর্মরত রয়েছেন। স্বাস্থ্য পরিদর্শকগণ প্রতি মাসে কমপক্ষে ১ বার প্রতিটি পরিবারে গিয়ে প্রাথমিক স্বাস্থ্যসেবা দিয়ে থাকেন। স্বাস্থ্য পরিদর্শকগণ যে সকল বিষয়ে স্বাস্থ্য সেবা দিয়ে থাকেন :

ক। পরিবারে বর্তমানে কোন রোগী আছেন কিনা। থাকলে তার বিবরণ এবং এমবিবিএস ডাক্তারের সেবা গ্রহণের পরামর্শ দিয়ে থাকেন।

খ। রক্তচাপ পরীক্ষা করা।

গ। শিশুদের ওজন পরিমাপ করা।

ঘ। ব্লাডের গ্লুকোজ নির্ণয় করা।

ঙ। গর্ভবতী মায়েদের স্বাস্থ্য পরীক্ষা করা।

চ। প্রয়োজনীয় আয়রণ ট্যাবলেট, ভিটামিন ও ক্যালসিয়াম ট্যাবলেট বিতরণ করা।

ছ। নির্দৃষ্ট সময় পরপর পরিবারের সকল সদস্যদের মাঝে কৃমির ঔষধ বিতরণ করা।

স্ট্যাটিক ক্লিনিকের মাধ্যমে রোগীদের প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানের জন্য রয়েছেন ১ জন স্বাস্থ্য কর্মকর্তা (প্যারামেডিক)। স্বাস্থ্য কর্মকর্তা সকাল ৯ টা থেকে ১১ টা পর্যন্ত অফিসে বসে রোগীদের প্রাথমিক ব্যবস্থা পত্র দিয়ে থাকেন এবং ১১ টা থেকে ১ টা পর্যন্ত স্বাস্থ্য পরিদর্শকদের কাজের সুপারভিশন করে থাকেন। বিকাল ৩ টা থেকে ৫ টা পর্যন্ত স্বাস্থ্য পরিদর্শকদের আয়েজিত উঠান বৈঠকে অংশগ্রহণ করে স্বাস্থ্য বিষয়ে আলোচনা করেন।



স্ট্যাটিক ক্লিনিকের মাধ্যমে রোগীদের সেবা প্রদান।

| ক্রমিক নং | বিবরণ | আলোচ্য অর্থবছরে (লক্ষ্যমাত্রা) | আলোচ্য অর্থবছরে (অগ্রগতি) |
|---|---|---|---|
| ১ | স্যাটেলাইট ক্লিনিক আয়োজন | ৪৮ টি | ৪৪ টি |
| ২ | স্যাটেলাইট ক্লিনিকে সেবা গ্রহণকারীর সংখ্যা | ১,২০০ জন | ১,০৫১ জন |

স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে সপ্তাহে ১ দিন রোগীদের স্বাস্থ্যসেবা প্রদান করেন ১ জন এমবিবিএস ডাক্তার-



বিশেষজ্ঞ ডাক্তারের মাধ্যমে স্বাস্থ্যসেবা ক্যাম্প আয়োজন করে রোগীদের উন্নত চিকিৎসাসেবা প্রদান করা হয়-

| ক্রমিক নং | বিবরণ | আলোচ্য অর্থবছরে (লক্ষ্যমাত্রা) | আলোচ্য অর্থবছরে (অগ্রগতি) |
|---|---|---|---|
| ১ | স্বাস্থ্যক্যাম্প আয়োজন | ৪ টি | ৪ টি |
| ২ | সেবা গ্রহণকারী | ৬০০ জন | ৪৬০ জন |



স্বাস্থ্যক্যাম্পে রোগীদের স্বাস্থ্যসেবা দিচ্ছেন বিশেষজ্ঞ চিকিৎসক।

বছরে ১ বার বিশেষ চক্ষুক্যাম্প আয়োজনের মাধ্যমে রোগীদের চিকিৎসাসেবা প্রদান করা হয়-

| ক্রমিক নং | বিবরণ | আলোচ্য অর্থবছরে (লক্ষ্যমাত্রা) | আলোচ্য অর্থবছরে (অগ্রগতি) |
|---|---|---|---|
| ১ | বিশেষ চক্ষুক্যাম্প আয়োজন | ১টি | ১টি |
| ২ | সেবা গ্রহণকারী | ১৫০ | ১১৭ জন |
| ৩ | ছানি অপারেশন | ২৮ জন | ২৮ জন |



বাৎসরিক চক্ষু ক্যাম্পে চিকিৎসা নেয়া রোগীরা বাগেরহাট দৃষ্টিদান চক্ষু হাসপাতাল থেকে অপারেশন শেষে সুস্থ হয়ে ফিরে এসেছেন।

## এক নজরে স্বাস্থ্য কার্যক্রমের অগ্রগতির চিত্র-

| ক্র.নং | বিবরণ | ইউনিট | চলতি বছরে | ক্রমপুঞ্জিভুত |
|---|---|---|---|---|
| ১.১ | পরিদর্শনকৃত মোট খানা (Quick MIS ) | সংখ্যা | ৩,৯৩৯ | ৩,৯৩৯ |
| ১.২ | পরিদর্শনকৃত খানার মোট সদস্য সংখ্যা | জন | ১৯,৭২০ | ২০,৩৩৬ |
| ১.৩ | বন্ধুচুলা আছে (খানা) | সংখ্যা | ৪০ | ৫০ |
| ১.৪ | সোলার সিস্টেম আছে (খানা) | সংখ্যা | ৯৮৬ | ১,৬৪২ |
| ১.৫ | বাড়িতে বিদ্যুৎ আছে (খানা) | সংখ্যা | ৩,৮৫৭ | ৩,৮৯৪ |
| ১.৬ | নিরাপদ পানির ব্যবস্থা আছে (খানা) | সংখ্যা | ৩,৮৫৭ | ৩,৯৬৫ |
| ১.৭ | স্যানিটারি ল্যাট্রিন ব্যবহার করে (খানা) | সংখ্যা | ৩,৮৫৭ | ৩,৯১৯ |
| ১.৮ | সঠিকভাবে হাত ধোয়ার ব্যবস্থা রয়েছে (খানা) | সংখ্যা | ৩,৮৫৭ | ৩,৯১৯ |
| ১.৯ | বাড়ির আঙিনায় সবজি চাষ করে (খানা) | সংখ্যা | ১৯,৪৭২ | ৩,৯১৯ |
| ১.১০ | আয়োডিনযুক্ত লবণ গ্রহণ করে (খানা) | সংখ্যা | ৩,৫৮৭ | ৩,৯১৯ |
| ১.১১ | স্বাস্থ্যসম্মত স্যানিটারি প্যাড ব্যবহার উপযোগী ২০৪৯ বছরের নারী | জন | ৪৪,০৮১ | ২,২১,৫৯১ |
| ১.১২ | স্বাস্থ্যসম্মত স্যানিটারি প্যাড ব্যবহারকারী ২০৪৯ বছরের নারী | জন | ১২,৬৭৬ | ৭৯,০৩৯ |
| ১.১৩ | কৃমিনাশক ঔষধ গ্রহণ করেছে (৫ বছর ও তদুর্ধ্ব বয়সের) | জন | ৬,৮৬৩ | ৪৫,০৫৮ |

| ক্র.নং | বিবরণ | ইউনিট | চলতি বছরে | ক্রমপুঞ্জিভুত |
|---|---|---|---|---|
| ১.১৪ | জন্ম নিবন্ধন করা হয়েছে (নতুন) | জন | ৬৮ | ১৮,৩৭০ |
| ১.১৫ | স্বাস্থ্য কার্ড বিক্রয় হয়েছে (Quick MIS) | সংখ্যা | ৮৩৩ | ৮,১৮২ |
| ১.১৬ | ডায়াবেটিস পরীক্ষা করা হয়েছে (জন)/(Quick MIS) | জন | ৪২৫ | ৯,৪২০ |
| ১.১৭ | রক্তের গ্রুপ নির্ণয় করা হয়েছে (জন) | জন | ৮৭ | ২,১৯৯ |
| ২.১ | স্বাস্থ্য ও পুষ্টি সংক্রান্ত আলোচনা সভা/ উঠান বৈঠক করা হয়েছে (Quick MIS) | সংখ্যা | ৩৪২ | ৪,২৬১ |
| ২.২ | স্বাস্থ্য ও পুষ্টি সভা/ উঠান বৈঠকে অংশগ্রহণকারী | জন | ৩,৯৬৭ | ৫১,০৪৭ |
| ৩.১ | গর্ভবতী মহিলা (শুধু রিপোর্টিং মাসে নতুন করে গর্ভধারণকারী মহিলা) | জন | ২৬০ | ১,৯১২ |
| ৩.২ | বর্তমানে গর্ভবতী মহিলা রয়েছে (নতুন এবং পুরাতনসহ এখনও গর্ভবতী) (Quick MIS ) | জন | ১,৫২৯ | |
| ৩.৩ | প্রসবপূর্ব সেবা এবং পুষ্টি বিষয়ক কাউন্সিলিং গ্রহণ করেছে গর্ভবতী/সেবা সংখ্যা (Quick MIS) | সংখ্যা | ১,১৪৩ | ১২,৭৮৩ |
| ৩.৪ | আয়রণ ফলিক এসিড বড়ি  গ্রহণ করেছে গর্ভবতী মহিলা | জন | ৯৬২ | ৭,৪৭০ |
| ৩.৫ | স্বাস্থ্যকেন্দ্রে স্বাভাবিক প্রসব হয়েছে | জন | ৫৭ | ৬৭২ |
| ৩.৬ | স্বাস্থ্যকেন্দ্রে সিজারিয়ান প্রসব হয়েছে | জন | ৮৯ | ১,০২০ |
| ৩.৭ | বাড়িতে দক্ষ প্রসব সহায়তাকরীর মাধ্যমে প্রসব হয়েছে | জন | ৬৮ | ৯৩৮ |
| ৩.৮ | বাড়িতে দক্ষ প্রসব সহায়তাকারী ব্যতীত প্রসব হয়েছে | জন | ০ | ৮ |
| ৩.৯ | মোট প্রসব হয়েছে (ক্র.নং ৩.৫ থেকে ৩.৮ যোগ করে) | জন | ২১৪ | ২,৬৩৮ |
| ৩.১০ | জীবিত সন্তান প্রসব হয়েছে | জন | **১৮০** | **২,৪৬০** |
| ৩.১১ | মৃত সন্তান প্রসব হয়েছে | জন | ০ | ২১ |
| ৩.১২ | গর্ভপাত হয়েছে (গর্ভকালীন সময় যে কোন কারণে) | জন | ২৯ | ৫৪৪ |
| ৪.১ | ০- ২৩ মাস বয়সী শিশু রয়েছে দুগ্ধদানকারী মা | জন | ৫,৮২০ | ১৮,০১৭ |

| ক্র.নং | বিবরণ | ইউনিট | চলতি বছরে | ক্রমপুঞ্জিভুত |
|---|---|---|---|---|
| ৪.২ | প্রসবোত্তর সেবা এবং পুষ্টি বিষয়ক কাউন্সিলিং গ্রহণ করেছে দুগ্ধদানকারী মা/সেবা সংখ্যা | সংখ্যা | ৪৯৫ | ২,৯৭১ |
| ৪.৩ | আয়রণ ফলিক এসিড বড়ি গ্রহণ করেছে দুগ্ধদানকারী মা | জন | ৩৭৯ | ১,৭৭২ |
| ৪.৪ | ক্যালসিয়াম বড়ি গ্রহণ করেছে দুগ্ধদানকারী মা | জন | ৪,১৬৫ | ১,৯৯০ |
| ৪.৫ | প্রসবের পর ৪২ দিনের মধ্যে ভিটামিন 'এ' ক্যাপসুল গ্রহণ করেছে দুগ্ধদানকারী মা | জন | ১৫৮ | ৮০৪ |
| ৫.১ | জন্মকালীন শিশুর ওজন ২.৫ কেজির নীচে ছিল (শুধু নতুন জন্ম নেওয়া শিশু) | জন | ০ | ১২ |
| ৫.২ | জন্মের প্রথম ১ ঘন্টার মধ্যে মায়ের দুধ খাওয়ানো হয়েছে (শুধু নতুন জন্ম নেওয়া শিশু) | | ১৭৩ | ২,০৩৫ |
| ৫.৩ | ০- <৬ মাস বয়সী শিশুকে শুধুমাত্র মায়ের বুকের দুধ খাওয়ানো হয় (পরিদর্শনকালীন খাওয়ানো হচ্ছে) | জন | ৮৫৪ | ৪,২৫৩ |
| ৫.৪ | ০- <৬ মাস বয়সী শিশু রয়েছে | জন | ১,৩৮০ | ৫,২৯২ |
| ৫.৫ | ৬-২৩ মাস বয়সী শিশু রয়েছে | জন | ৬,২১৯ | ১৮,৮৪৬ |
| ৫.৬ | ২৪-৫৯ মাস বয়সী শিশু রয়েছে | | ৯,০০২ | ৩৫,০৮৮ |
| ৫.৭ | ০-৫৯ মাস বয়সী মোট শিশু রয়েছে (ক্র.নং ৫.৪ থেকে ৫.৬ যোগ করে) | জন | ১৬,৬০১ | ৫৯,২২৬ |
| ৫.৮ | ০-৫৯ মাস বয়সী শিশুর গ্রোথ মনিটরিং এবং সেবা প্রদান করা হয়েছে/সেবা সংখ্যা | সংখ্যা | ৭,৬৮৫ | ৩০,০১০ |
| ৫.৯ | ৬-২৩ মাসের শিশু মায়ের দুধ এবং সঠিক পরিমাণে বাড়তি খাবার গ্রহণ করে | জন | ৪,১৯৯ | ১৪,০২৯ |
| ৫.১০ | ৬-৫৯ মাস বয়সী শিশু 'পুষ্টি কণা' (এমএনপি) গ্রহণ করেছে | জন | ১৩৫ | ১,৭৭৩ |
| ৫.১১ | ২৪-৫৯ মাস বয়সী শিশু কৃমিনাশক ঔষধ গ্রহণ করেছে | জন | ১,১৮১ | ৬,৪৩৯ |
| ৫.১২ | ০-১৮ মাস বয়সী শিশু টিকা গ্রহণ করেছে (সরকারীভাবে প্রদত্ত টিকা) | জন | ১,১১০ | ১০,৯৮৫ |
| ৬.১ | স্বাস্থ্যসম্মত স্যানিটারি প্যাড ব্যবহার উপযোগী ১৩-১৯ বছরের কিশোরী | জন | ৮,০৭৬ | ৩২,০২১ |
| ৬.২ | স্বাস্থ্যসম্মত স্যানিটারি প্যাড ব্যবহারকারী ১৩-১৯ বছরের কিশোরী | জন | ৬,৭৬৬ | ২১,৬৯৮ |
| ৬.৩ | টিটেনাসের (টিটি) টিকা গ্রহণ করেছে | জন | ৩১৯ | ১,৪৭০ |
| ৭.১ | নিউমোনিয়ায় আক্রান্ত হয়েছে | জন | ৩,৪৬৭ | ১৭,১৪৯ |

## ২। শিক্ষা কার্যক্রম

প্রাথমিক বিদ্যালয় থেকে ঝরে পড়া হ্রাস ও পিছিয়ে পড়া শিক্ষার্থীদের শ্রেণি উপযোগী করে গড়ে তোলা ও শিশুদের বিদ্যালয় ভীতি দূর করার জন্য বৈকালিক শিক্ষা সহায়তা কেন্দ্রের মাধ্যমে পাঠদান কর্মসূচি পরিচালিত হচ্ছে।

| ক্রমিক নং | বিবরণ | আলোচ্য অর্থবছরে (লক্ষ্যমাত্রা) | আলোচ্য অর্থবছরে (অগ্রগতি) |
|---|---|---|---|
| ১ | শিক্ষা সহায়তা কেন্দ্রের সংখ্যা | ৩০ টি | ৩০টি |
| ২ | শিক্ষক সংখ্যা | ৩০ জন | ৩০ জন |
| ৩ | শিক্ষার্থী সংখ্যা | ৭৫০ জন | ৬৭১ জন |
| ৪ | শিক্ষা কেন্দ্রে গড় উপস্থিতির হার | ১০০% | ৯০% |
| ৫ | শিক্ষার্থীদের কাছ থেকে ফি আদায় | ৭৫,০০০ টাকা | ৪৬,৮৫০ টাকা |



বৈকালিক শিক্ষা কেন্দ্র।

## শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণঃ

পিকেএসএফ এর আর্থিক সহায়তায় গত ১৫ আগস্ট ২০২৩ তারিখে কারসা কর্তৃক পরিচালিত বৈকালিক শিক্ষাকেন্দ্রের ৯৪৬ জন শিক্ষার্থীর মাঝে ২টি করে মোট ১,৮৯২ টি ফলের চারা বিতরণ করা হয়েছে। এ ছাড়াও ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাঝেও চারা বিতরণ করা হয়েছে।



শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ।

## ৩। উন্নয়নে যুব সমাজ কার্যক্রম

আলীনগর ইউনিয়নের ৯ টি ওয়ার্ডে ৯ টি এবং ১ টি ইউনিয়ন যুব কমিটি রয়েছে। উক্ত কমিটিতে সদস্য সংখ্যা নারীঃ ৭২ জন এবং পুরুষঃ ১২৬ জন। রাজনৈতিক অস্থিরতার কারণে ওয়ার্ড যুব কমিটির দ্বিমাসিক সভা ৫৪ টির স্থলে হয়েছে ৪৫ টি এবং ইউনিয়ন যুব কমিটির সভা ২ টির স্থলে হয়েছে ১ টি।

“আত্মোপলব্ধি, নেতৃত্ববিকাশ ও করণীয়” বিষয়ে যুবদের ২৫ জন করে ৮ টি ব্যাচে ২০০ জনকে প্রশিক্ষণ দেয়ার লক্ষ্যমাত্রা থাকলেও স্থানীয় আইন শৃংখলা পরিবেশ অনুকুলে না থাকায় ৩ টি ব্যাচে ৭৫ জনকে প্রশিক্ষণ দেয়া সম্ভব হয়েছে।



আলীনগর ইউনিয়নের ১৪ থেকে ২৪ বছরের যুবদের “আত্মোপলব্ধি, নেতৃত্ববিকাশ ও করণীয়” শীর্ষক ২ দিন ব্যাপি প্রশিক্ষণ।

## ৪। সমৃদ্ধি কেন্দ্রঘর স্থাপন ও সমন্বয় সভার আয়োজন

ওয়ার্ড পর্যায়ের সমস্যা সমাধান বিষয়ক পদক্ষেপ গ্রহণের জন্য ৯টি ওয়ার্ডে ৯টি সমৃদ্ধি ওয়ার্ড সমন্বয় কমিটি রয়েছে। যারা প্রতি দুই মাসে ১টি সভা করে থাকেন। সভার জন্য প্রতি ওয়ার্ডে ১টি করে মোট ৯টি সম্মৃদ্ধি কেন্দ্রঘর রয়েছে। আলোচ্য বছরে ৫৪ টি সভা অনুষ্ঠিত হয়েছে।

## ৫। অসহায় জনগোষ্ঠীকে মূল ধারায় অন্তর্ভূক্তিমূলক কার্যক্রম (ভিক্ষুক পুনর্বাসন)

| ক্রমিক নং | বিবরণ | আলোচ্য অর্থবছরে (লক্ষ্যমাত্রা) | আলোচ্য অর্থবছরে (অগ্রগতি) |
|---|---|---|---|
| ১ | পুনর্বাসিত মোট উদ্যোমী সদস্য | - | ৭ জন |
| ২ | মৃত উদ্যোমী সদস্য | - | ১ জন |
| ৩ | বর্তমান উদ্যোমী সদস্য | - | ৬ জন |

## ৬। সমৃদ্ধি ঋণ কার্যক্রমের আওতায় আয়-বৃদ্ধিমূলক প্রশিক্ষণ

| ক্রমিক নং | বিবরণ | আলোচ্য অর্থবছরে (লক্ষ্যমাত্রা) | আলোচ্য অর্থবছরে (অগ্রগতি) |
|---|---|---|---|
| ১ | প্রশিক্ষণের ব্যাচ সংখ্যা | ৪ টি | ৩ টি |
| ২ | প্রশিক্ষণে অংশগ্রহণকারী সদস্য | ১০০ জন | ৭৫ জন |

## ৭। প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি

আলীনগর ইউনিয়নে মোট ১,২৩৪ জন প্রবীণ রয়েছে। প্রতিটি ওয়ার্ডে ১ টি করে মোট ৯ টি ওয়ার্ড কমিটি ও ইউনিয়ন পর্যায়ে ১ টি কমিটি রয়েছে। ওয়ার্ড কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে ৫৪ টি এবং ইউনিয়ন কমিটির সভা হয়েছে ১ টি।

### পরিপোষক ভাতা

ইউনিয়ন কমিটির সুপারিশে ১০০ জন দু:স্থ প্রবীণকে ৫০০/- টাকা হরে প্রতিমাসে ভাতা প্রদান করা হতো। মৃত্যু জনিত কারণে ও সরকারি ভাতার আওতায় ভাতা পায় বলে তাদের বাদ দিয়ে গত অর্থ বছরে ৭৬ জনকে মোট ৪,৪৮,৫০০/- টাকা এবং এ পর্যন্ত ৩০,৫০,৫০০/- টাকা পরিপোষক ভাতা প্রদান করা হয়েছে।

### বিশেষ সহয়তা কার্যক্রম

ইউনিয়ন কমিটির সুপারিশে চলতি বছরে ৭৫ জনকে কম্বল ও ২ জনকে ২ টি হুইল চেয়ার দেয়া হয়েছে। এ পর্যন্ত ২,২১,০০০/- টাকার বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়েছে।

### মৃত্যের সৎকার

চলতি বছরে ৬ জনকে মৃত্যের সৎকারের জন্য ২,০০০/- টাকা করে মোট ১২,০০০/- টাকা প্রদান করা হয়েছে । এখাতে এপর্যন্ত ৮০,০০০/- টাকা প্রদান করা হয়েছে।



প্রবীণদের মাঝে কম্বল বিতরণ করছেন অধ্যাপিকা তাহিমান বেগম এমপি ও নির্বাহী কমিটির সদস্য, কারসা।



শারীরিক প্রতিবন্ধী জনাব আনোয়ার সরদারের পক্ষে তার হুইল চেয়ার গ্রহণ করছেন তার নাতি ইমন সরদার।




আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস পালন।




আলীনগর ইউনিয়নের প্রবীণ জনগোষ্ঠী-কে সাথে নিয়ে প্রতি বছরের ন্যায় ১ অক্টোবর ২০২৩ তারিখে বিশ্ব প্রবীণ দিবস পালন করা হয়েছে।




আন্তর্জাতিক যুব দিবস ২০২৩-এর র‍্যালি।



আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবসে উপজেলা প্রশাসনের সাথে কারসা'র অংশগ্রহণ।



প্রবীণ দিবসের আলোচনা সভা।




আইজিএ সদস্যদের প্রশিক্ষন প্রদান।

## অডিট এর সার-সংক্ষেপ

আলোচ্য অর্থবছরে (২০২৩-২০২৪) অডিট সম্পন্ন করেছে Mollah Quadir Yusuf & Co. Chartered Accountants, House # 63/F (3rd Floor), Dolphin Goli, Lake Circus, Kalabagan, Dhanmondi, Dhaka-1209. GRb¨ Mollah Quadir Yusuf & Co. Chartered Accountants কর্তৃপক্ষকে আমাদের আন্তরিক ধন্যবাদ জানাই।

আলোচ্য অর্থবছরে (জুলাই-২০২৩ হতে জুন-২০২৪) পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) থেকে মূল ঋণ গ্রহণ করেছি ২৯,৫৫,০০,০০০/- টাকা এবং পরিশোধ করেছি আসল ২৪,৫৩,৭৫,০০০/- টাকা ও সার্ভিস চার্জ পরিশোধ করেছি ২,৪৫,১৩,৯৩৯/- টাকা। পিকেএসএফ-এর আসল পাওনা সর্বমোট (পূর্বের পাওনাসহ) ৫০,৯৭,৬৬,৬৬১/- টাকা।

২০২৩-২০২৪ অর্থবছরে সংস্থার মোট আয় হয়েছে ১৮,৯৪,৪৪,৪০২/- টাকা, পক্ষান্তরে এর পূর্ববর্তী অর্থবছরে মোট আয় হয়েছিল ১৬,০০,০৪,১৪২/- টাকা। ২০২৩-২০২৪ অর্থবছরে সংস্থার মোট ব্যয় হয়েছে ১৫,১০,৯০,৬১২/- টাকা যা এর পূর্ববর্তী বছরে ছিল ১৪,০৭,২৩,৫০৮/- টাকা। আলোচ্য বছরে সংস্থার নীট আয় হয়েছে ৩,৮৩,৫৩,৭৯০/- টাকা যা এর পূর্ববর্তী বছর ছিল ১,৯২,৮০,৬৩৪/- টাকা।

# স্টাফ বেনিফিটস এবং সিকিউরিটি

কারসায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের যে সকল সুযোগ-সুবিধা প্রদান করা হয় তা নিম্নে উপস্থাপন করা হলোঃ

১. পে-স্কেলঃ 'কারসা' সাধারণত অন্যান্য সংস্থার বেতন কাঠামোর সাথে সামঞ্জস্য বজায় রেখে আর্থিক স্বচ্ছলতা রক্ষার্থে কর্মীদের সামাজিক মর্যাদা ও দ্রব্যমূল্যের উর্ধ্বগতি পর্যালোচনা সাপেক্ষে বেতন পুনর্নিধারণ করার বিষয়টি বিবেচনা করে থাকে। এক্ষেত্রে সংস্থার আয়ের সাথে ব্যয়ের ভারসাম্য বজায় রেখে একটি যৌক্তিক বেতন কাঠামো বজায় রাখার চেষ্টা করা হয়। এ প্রেক্ষিতে ২০২২-২০২৩ অর্থবছরে কারসার সর্বস্তরের কর্মী/কর্মকর্তাদের বেতন বৃদ্ধি করা হয়েছে। যা ডিসেম্বর-২০২২ থেকে চলমান আছে।

২. প্রভিডেন্ট ফান্ডঃ সংস্থায় কর্মরত স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের মূল বেতনের ১০% প্রভিডেন্ট ফান্ড হিসেবে কর্তন করে এর সাথে সংস্থা আরো ১০% প্রদান করে সংশ্লিষ্ট স্টাফের নামে জমা রাখে যা তারা সংস্থা থেকে চলে যাবার সময় প্রাপ্ত হয়ে থাকেন। বিনিয়োগকৃত টাকা থেকে যে লভ্যাংশ পাওয়া যায় তা সংশ্লিষ্ট স্টাফের জমাকৃত টাকার উপর হারাহারিভাবে বন্টন করা হয়ে থাকে।

৩. বাড়ি ভাড়াঃ 'কারসা' প্রধান কার্যালয় ও ফিল্ড পর্যায়ে কর্মরত স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদেরকে মূল বেতনের ৪৫-৬০% বাড়ি ভাড়া প্রদান করে থাকে।

৪. চিকিৎসা ভাতাঃ 'কারসা' কর্মকর্তা/কর্মচারীদের মূল বেতনের ১৫% চিকিৎসা ভাতা প্রদান করে থাকে। এছাড়া কোন স্টাফ কর্তব্যরত অবস্থায় দুর্ঘটনায় পতিত হলে দুর্ঘটনাজনিত কারণে চিকিৎসা ব্যয়ও প্রদান করে থাকে।

৫. যাতায়াত ভাতাঃ 'কারসা' ফিল্ড পর্যায়ে কর্মরত স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদেরকে মূল বেতনের ২০% এবং প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মূল বেতনের ৩৫-৪৫% যাতায়াত ভাতা প্রদান করে থাকে।

৬. গ্র্যাচুইটিঃ সংস্থায় কর্মরত স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের নিম্নোক্তভাবে গ্র্যাচুইটি প্রদান করা হয়-

ক. চাকরির মেয়াদ ৩ বছর পূর্ণ না হলে গ্র্যাচুইটি প্রযোজ্য হবে না।

খ. চাকরির মেয়াদ ৩ বছরের উর্ধ্বে এবং ৫ বছরের কম হলে গ্র্যাচুইটি হবে মূল বেতন × .৫ × সমাপ্ত বছর।

গ. চাকরির মেয়াদ ৫ বছর পূর্ণ হলে গ্র্যাচুইটি হবে মূল বেতন × ১ × সমাপ্ত বছর।

ঘ. চাকরির মেয়াদ ১০ বছর পূর্ণ হলে গ্র্যাচুইটি হবে মূল বেতন × ২ × সমাপ্ত বছর।

৭. বার্ষিক ইনক্রিমেন্টঃ কর্মরত স্থায়ী স্টাফদেরকে প্রতি বছর একটি বার্ষিক ইনক্রিমেন্ট প্রদান করা হয়। তাছাড়া কাজের মান ও বিশেষ যোগ্যতা বিবেচনা করে একাধিক ইনক্রিমেন্টও প্রদান করা হয়ে থাকে।

৮. উৎসব ভাতাঃ কর্মরত স্টাফদেরকে প্রতি বছর ২টি উৎসব ভাতা প্রদান করা হয়। স্থায়ী স্টাফগণ মূল বেতনের সমান এবং অস্থায়ী স্টাফগণ নির্বাহী কমিটির সিদ্ধান্ত মোতাবেক উৎসব ভাতা পেয়ে থাকেন।

৯. ছুটি সংক্রান্ত সুবিধাঃ কর্মরত কর্মীগণ বছরে ১২ দিন ঐচ্ছিক, ২০ দিন বাৎসরিক, ৬ দিন অসুস্থতাজনিত এবং ১৮০ দিন মাতৃত্বকালীন ছুটি এবং ১৫ দিন অর্জিত ছুটি পেয়ে থাকেন। বর্ণিত ছুটির বাইরে যদি কোন কর্মীর বিশেষ কারণে ছুটির প্রয়োজন হয় সেক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্বাহী পরিচালক বরাবর আবেদন করতে পারেন। নির্বাহী পরিচালক ছুটির গুরুত্ব বিবেচনা করে ছুটির অনুমোদন দিয়ে থাকেন। এছাড়া যুক্তিসঙ্গত কারণে যে কোন কর্মী অনুমোদন সাপেক্ষে অবৈতনিক ছুটি ভোগ করতে পারেন।

১০. ঋণ গ্রহণ সংক্রান্ত সুবিধাঃ সংস্থার স্থায়ী কর্মী/কর্মকর্তা তার নিজ বা পরিবারের কোন সদস্যের চিকিৎসা, বিবাহের ব্যয় নির্বাহ, শিক্ষার ব্যয় নির্বাহ, নিজস্ব বাসগৃহের জমি ক্রয়, নিজস্ব বাসগৃহ নির্মাণ বা মেরামতসহ যুক্তিসংগত কারণে সংস্থা থেকে ঋণ গ্রহণ করতে পারেন। এক্ষেত্রে কোন স্টাফ সিপিএফ তহবিলে অন্তর্ভুক্তির ৩ বছর পূর্ণ হওয়ার পূর্বে ঋণ গ্রহণ করতে চাইলে তার নিজস্ব জমাকৃত অর্থের সর্বোচ্চ ৮০% পর্যন্ত, ৩ বছর পূর্ণ হওয়ার পর নিজস্ব এবং সংস্থার যৌথভাবে জমাকৃত অর্থের সর্বোচ্চ ৮০% পর্যন্ত ঋণ গ্রহণ করতে পারেন। এছাড়াও সংস্থার কর্মকর্তগণ তাঁদের দায়িত্ব ও পদের গুরুত্ব অনুসারে বাই সাইকেল ঋণ, মোটরসাইকেল ঋণ গ্রহণ করতে পারেন।

১১. বদলিজনিত টিএঃ কর্মরত কোন স্টাফকে সংস্থার প্রয়োজনে এক কর্মস্থল হতে অন্য কর্মস্থলে বদলি করা হলে তারা সংস্থার নিয়মানুযায়ী বদলিজনিত টি এ প্রাপ্য হয়ে থাকেন।

১২. মোটরসাইকেল ভাতাঃ ফিল্ড পর্যায়ে কর্মরত অফিসারগণ সংস্থার নিয়মানুযায়ী নির্ধারিত হারে মোটরসাইকেল ভাতা প্রাপ্য হয়ে থাকেন।

১৩. ভ্রমণ ভাতাঃ কর্মরত স্টাফগণ সংস্থার কাজে বিভিন্ন স্থানে যাতায়াত করে থাকেন। সেজন্য তাদেরকে সংস্থার নিয়মানুযায়ী যাতায়াত ভাতা প্রদান করা হয়ে থাকে এবং কর্মীগণ নিজ নিজ কর্মস্থলের বাহিরে অফিসের কাজে অন্য কোথাও অবস্থান করলে থাকার জন্য প্রকৃত হোটেল ভাড়া এবং সংস্থার নিয়মানুযায়ী খাওয়ার খরচ প্রাপ্য হয়ে থাকেন।

১৪. মোবাইল ভাতাঃ সংস্থায় কর্মরত কর্মী/কর্মকর্তাগণ সংস্থার নিয়মানুযায়ী মোবাইল ভাতা পেয়ে থাকেন।

১৫. কর্মী জামানতঃ সংস্থায় যোগদানের সময় জামানত বাবদ ৫,০০০/- টাকা জমা প্রদান করতে হয়। চাকরি শেষে/ছেড়ে চলে যাবার সময় উক্ত টাকা সংস্থার নিয়মানুযায়ী লভ্যাংসসহ ফেরত দেওয়া হয়।

# কল্যাণ তহবিল

## কল্যাণ তহবিলের উদ্দেশ্য

কারসায় চাকুরিরত কর্মজীবীদের ও তাদের পরিবারের আর্থিক সংকটের সময় অনুদানের মাধ্যমে সহায়তা করা।

অনুদান প্রদান প্রক্রিয়া

নির্বাহী কমিটি কর্তৃক মনোনীত (১) প্রধান কার্যালয়ের ১ জন (২) মনিটরিং সেল হতে ১ জন (৩) এরিয়া ম্যানেজারদের মধ্য হতে ১ জন (৪) ব্রাঞ্চ ম্যানেজারদের মধ্য হতে ১ জন ও (৫) ফিল্ড অফিসারদের মধ্য হতে ১ জন এই ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট সাব-কমিটি প্রাপ্ত আবেদন যাচাই করে সুপারিশ করলে এর ভিত্তিতে নির্বাহী কমিটি সিদ্ধান্ত প্রদান করে।

## পরিবার

নিম্নবর্ণিত ব্যক্তিগণ পরিবারের সদস্য হিসাবে গণ্য হবেন-

স্ত্রী অথবা স্বামী এবং সন্তান, পালক পূত্র (হিন্দুদের ক্ষেত্রে), মাতা-পিতা, নাবালক ভাই, মৃত পুত্রের বিধবা স্ত্রী, অবিবাহিতা অথবা তালাক প্রাপ্তা অথবা বিধবা বোন- যারা মৃত কর্মচারীর পরিবারে একত্রে বসবাস করে এবং তার উপর নির্ভরশীল।

## কল্যাণ তহবিলে চাঁদার হার

মাসিক বেতনের শতকরা ভাগ (১%) অথবা সর্বোচ্চ ৫০ টাকা এ দুয়ের মধ্যে যা নিম্নতম তা মাসিক বেতন হতে কর্তন করে ভিন্ন একটি হিসাবে জমা করা হয়।

## কল্যাণ তহবিল হতে যারা সুবিধাদি দাবিদার হবেন

(ক) মেডিকেল কর্তৃপক্ষ কর্তৃক কোন কর্মচারীকে শারীরিক বা মানসিকভাবে অক্ষম ঘোষণা করলে চাকরি হতে অপসারিত হলে;

(খ) চাকরিতে থাকা অবস্থায় মৃত্যুবরণ করলে তার পরিবার সুবিধাদি পাবেন।

## অনুদান দাবি করার সময়সীমা

কর্মচারীর মৃত্যু বা অক্ষমতার কারণে অপসারিত হওয়ার ৬ (ছয়) মাসের মধ্যে নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে।

## কল্যাণ তহবিল হতে বিশেষ অনুদান প্রদান

নির্বাহী কমিটি কর্তৃক নির্ধারিত অনুদান ছাড়াও নিম্নোক্ত বিশেষ অনুদান প্রদান করতে পারেন-

(ক) নিজের সৃষ্ট নয় এমন চরম আর্থিক সংকটে তহবিলের অবস্থা বিবেচনা করে সর্বোচ্চ ৬ (ছয়) মাসের মূল বেতনের সমান অর্থ পাবে; তবে চিকিৎসাজনিত কারণে বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ অনুযায়ী কিংবা অন্য কোনো বিশেষ কারণে নির্বাহী কমিটি অনুদানের পরিমাণ বাড়াতে পারবে।

(খ) মৃত কর্মচারীর অসহায় মেয়ের বিয়ের জন্য সাব কমিটির সুপারিশ ও নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে এককালীন অনুদান প্রদান করা যাবে।

(গ) মৃত কর্মচারীর মেধাবী কিন্তু অসহায় সন্তান (সর্বোচ্চ দু'টি) সাব কমিটির সুপারিশ ও নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে মাসিক শিক্ষা বৃত্তি প্রদান।

জুন-২০২৪ পর্যন্ত এ তহবিলে সর্বমোট ৫,৮৬,৯১০/- টাকা জমা হয়েছে ।

## কারসা সিটিজেন চার্টার

সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য কারসার সর্ব পর্যায়ে দায়িত্ব ও কর্তব্যসমূহ পালন উল্লেখ পূর্বক তা সংস্থার অংশীদার দরিদ্র জনগোষ্ঠীর কাছে উন্মুক্তভাবে প্রকাশ করার জন্য সংস্থার একটি সিটিজেন চার্টার তৈরি করা আছে যা কারসার সকল অফিসে সর্বসাধারণের জন্য উন্মুক্ত অবস্থায় রাখা হয়েছে। সিটিজেন চার্টারটি নিম্নে উপস্থাপন করা হলো-

# সিটিজেন চার্টার

## ১. নাগরিক সেবাঃ

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তির স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময় সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম পদ নাম, ফোন নং ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১) | তথ্য অধিকার আইন মোতাবেক তথ্য প্রদান | অধিযাচিত তথ্য প্রদান (পত্র/সিডি/সফট কপি) | তথ্য প্রাপ্তির জন্য ফোন/ফ্যাক্স/ই-মেইল/ডাকযোগ/সরাসরি নির্দিষ্ট ফরমে আবেদন | বিনা মূল্যে/বিধি মোতাবেক নির্ধারিত মূল্যে | ২০ (বিশ) কর্ম দিবস | নামঃ জনাব মোঃসিরাজুল ইসলাম<br>পদবীঃ পরিচালক, প্রধান কার্যালয়<br>মোবাইলঃ ০১৭১১২১৯১৮১<br>ই-মেইলঃ carsa95@yahoo.com |
| ২) | গবেষণা বা অন্য কোন প্রয়োজনে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের তথ্য প্রদান | আবেদনকারীকে তথ্য সরবরাহ | ১) আবেদনপত্র<br>২) গবেষণা বা আনুষঙ্গিক কাগজপত্রের ফটোকপি | বিনা মূল্যে | ০৫ (পাঁচ) কর্ম দিবস | নামঃ জনাব মোঃসিরাজুল ইসলাম<br>পদবীঃ পরিচালক, প্রধান কার্যালয়<br>মোবাইলঃ ০১৭১১২১৯১৮১<br>ই-মেইলঃ carsa95@yahoo.com |
| ৩) | জনবল/নিয়োগ সংক্রান্ত তথ্য প্রদান | অধিযাচিত তথ্য প্রদান (পত্র/সিডি/সফট কপি, ফোন, মোবাইল) | তথ্য প্রাপ্তির জন্য ফোন/ফ্যাক্স/ই-মেইল/ডাকযোগ/সরাসরি নির্দিষ্ট ফরমে আবেদন/সংবাদ পত্র | বিনা মূল্যে | ০২ (দুই) কর্ম দিবস | নামঃ জনাব মোঃসিরাজুল ইসলাম<br>পদবীঃ পরিচালক, প্রধান কার্যালয়<br>মোবাইলঃ ০১৭১১২১৯১৮১<br>ই-মেইলঃ carsa95@yahoo.com |

## ২. প্রাতিষ্ঠানিক সেবাঃ

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তির স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময় সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম পদ নাম, ফোন নং ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১) | ঋণ প্রদান | আবেদনের প্রেক্ষিতে গ্রাহকের ভোটার আইডি কার্ডের ফটোকপি, সদস্য এবং স্বামীর ছবি, দোকান বা প্রতিষ্ঠানের ভাড়ার চুক্তিপত্র, ট্রেড লাইসেন্সের ফটোকপি, জমির দলিল, ঋণের সমপরিমাণ অর্থের চেক, প্রভৃতি দাখিল সাপেক্ষে যাচাই বাছাই এর মাধ্যমে ঋণ প্রদান করা হয়। ঋণের সার্ভিস চার্জের হার ২৪% (ক্রমহ্রাসমান পদ্ধতি) | ভর্তি ফরম, ঋণ আবেদন ফরম, ঋণ চুক্তিপত্র এবং পাশ বই,<br>শাখা অফিস | ভর্তি ফি-১০/-<br>পাশ বই ১[illegible]/-<br>টাকা<br>ঋণ আবেদন ফরম ৫/- মোট ২৫/- | আবেদনের ০৭ (সাত) দিনের মধ্যে | নামঃ জনাব মোঃসিরাজুল ইসলাম<br>পদবীঃ পরিচালক, প্রধান কার্যালয়<br>মোবাইলঃ ০১৭১১২১৯১৮১<br>ই-মেইলঃ carsa95@yahoo.com |
| ২) | সঞ্চয়ের সুদ প্রদান | বিগত অর্থ বছরের সঞ্চিত অর্থের উপর ৬% হারে সুদ প্রদান করা হয় বছরে ২ বার (জুন ও ডিসেম্বর এর স্থিতির উপর) | কম্পিউটার সফটওয়্যার/পাশ বই, শাখা অফিস | বিনামূল্যে | আর্থিক বছরের জুন এবং ডিসেম্বর মাসে | নামঃ জনাব মোঃসিরাজুল ইসলাম<br>পদবীঃ পরিচালক, প্রধান কার্যালয়<br>মোবাইলঃ ০১৭১১২১৯১৮১<br>ই-মেইলঃ carsa95@yahoo.com |
| ৩) | সঞ্চয় ফেরত প্রদান | সঞ্চয়ী সদস্যের প্রয়োজনে সঞ্চয় ফেরত দেয়া হয়। | সঞ্চয় ফেরত দেয়ার আবেদন ফরম<br>শাখা অফিস | বিনামূল্যে এবং আবেদন ফরম দাখিলের ১ (এক) সপ্তাহের মধ্যে | আবেদন ফরম দাখিলের ১ (এক) সপ্তাহের মধ্যে | নামঃ জনাব মোঃ সিরাজুল ইসলাম<br>পদবীঃ পরিচালক, প্রধান কার্যালয়<br>মোবাইলঃ ০১৭১১২১৯১৮১<br>ই-মেইলঃ carsa95@yahoo.com |
| ৪) | দাফন কাফন | সদস্য ও অভিভাবকের মৃত্যু হলেই নগদ ৩,০০০/- টাকা | দলে বিতরণ | বিনামূল্যে | তাৎক্ষণিক | নামঃ জনাব মোঃসিরাজুল ইসলাম<br>পদবীঃ পরিচালক, প্রধান কার্যালয়<br>মোবাইলঃ ০১৭১১২১৯১৮১<br>ই-মেইলঃ carsa95@yahoo.com |
| ৫) | কল্যাণ ফান্ড সুবিধা (প্রকল্প ক্ষতিগ্রস্ত, ঋণীর দুরারোগ্য ব্যাধি, জীবনঘাতি অপারেশন, স্ট্রোক ও হার্ট এ্যাটাক জনিত ডিজএ্যাবিলিটি, শিক্ষাবৃত্তি, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত পরিবার পুনর্বাসন | সদস্য, সদস্যা/স্বামী ও অভিভাবকের মৃত্যুর পর মৃত্যু সনদ পত্র এবং আইনানুগ প্রয়োজনীয় কাগজপত্র দাখিলের ৩০ দিনের মধ্যে। | আবেদন ফরম, মৃত্যু সনদ, ভোটার আইডি কার্ড এবং পাশ বই।<br>শাখা অফিস | বিনামূল্যে এবং প্রয়োজনীয় কাগজপত্র দাখিল সাপেক্ষে অবশিষ্ট ঋণ মওকুফ করা হয়। | প্রয়োজনীয় কাগজপত্র দাখিলের পর ৩০ দিনের মধ্যে। | নামঃ জনাব মোঃ সিরাজুল ইসলাম<br>পদবীঃ পরিচালক, প্রধান কার্যালয়<br>মোবাইলঃ ০১৭১১২১৯১৮১<br>ই-মেইলঃ carsa95@yahoo.com |

## ৩. অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS)ঃ

| ক্রমিক নং | কখন যোগাযোগ করবেন | কার সঙ্গে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময় সীমা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১) | শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে না পারলে | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা) | নামঃ জনাব মোঃসিরাজুল ইসলাম<br>পদবীঃ পরিচালক, প্রধান কার্যালয়<br>মোবাইলঃ ০১৭১১২১৯১৮১<br>ই-মেইলঃ carsa95@yahoo.com | ১০ (দশ) কার্যদিবস |
| ২) | এলাকার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে না পারলে | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা) | নামঃ জনাব মোঃসিরাজুল ইসলাম<br>পদবীঃ পরিচালক, প্রধান কার্যালয়<br>মোবাইলঃ ০১৭১১২১৯১৮১<br>ই-মেইলঃ carsa95@yahoo.com | ৩০ (ত্রিশ) কার্যদিবস |
| ৩) | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | আপিল কর্মকর্তা | নামঃ জনাব আবদুল কাইউম<br>পদবীঃ উপ-নির্বাহী পরিচালক, প্রধান কার্যালয় | ৩০ (ত্রিশ) কার্যদিবস |




বৃক্ষরোপন উপলক্ষে সদস্যদের উদ্বুদ্ধকরণ কর্মশালায়
বক্তব্য রাখছেন সংস্থার চেয়ারম্যান ড. সৈয়দ তারিকুজ জামান।



দত্তপাড়া ব্রাঞ্চের মধুমতি মহিলা সমিতির সদস্যদের সাথে
কারসার কর্মকর্তাদের মিটিং।




প্রবীণ দিবস-২০২৩ এর আলোচনা অনুষ্ঠান।



প্রবীণ দিবসের র‍্যালীতে অংশগ্রহণকারী আলীনগর ইউনিয়নের
সকল ওয়ার্ড থেকে আগত প্রবীণগণ।



কালামৃধা ব্রাঞ্চের পরশমনি মহিলা সমিতির সদস্য জনাব আলেয়া বেগমের কন্যা
জনাব ইসরাত জাহান প্রমাকে শিক্ষা বৃত্তির চেক প্রদান করছেন
ব্রাঞ্চ ম্যানেজার জনাব মোঃ রফিকুল ইসলাম।



কালামৃধা ব্রাঞ্চের এমএফসিই ক্ষুদ্রঋণ কার্যক্রমের কাশফুল মহিলা সমিতির
সদস্য জনাব সুবর্ণা আক্তার-এর পিয়াজের দানা চাষ প্রকল্প।



কালামৃধা ব্রাঞ্চের সূচনা মহিলা সমিতির সদস্য
জনাব মরিয়ম বেগমের জুতা তৈরির কারখানা।



আলীনগর ব্রাঞ্চের সাজন মহিলা সমিতির সদস্য
জনাব পারভীন বেগমের গরু মোটাতাজাকরণ প্রকল্প।



আলীনগর ব্রাঞ্চের ঝিনুক পুরুষ সমিতির সদস্য
জনাব মোঃ এনামুল হক-এর আম বাগান।



সমৃদ্ধি কর্মসূচির শিক্ষা কার্যক্রমের আওতায় শিক্ষার্থীদের মধ্যে
ফলজ গাছের চারা বিতরণ করা হচ্ছে।



জাজিরা ব্রাঞ্চের জাগরণ ঋণ কার্যক্রমের সুগন্ধা মহিলা সমিতির সদস্য
জনাব মোসাঃ জিলু বেগম-এর আঁখ চাষ।



আলীনগর ব্রাঞ্চের ঈগল মহিলা সমিতির সদস্য
জনাব সুমা আক্তারের কুটির শিল্পে কাজ করছেন তার স্বামী।



সাহেবরামপুর ব্রাঞ্চের বুনিয়াদ ঋণ কার্যক্রমের তুলি মহিলা সমিতির সদস্য
জনাব দিপিকার হোগল পাতার কাজ।



সাহেবরামপুর ব্রাঞ্চের আঁখি মহিলা সমিতির জাগরণ ঋণের সদস্য
জনাব মুকুল বেগমের পেঁপে চাষ।



আলীনগর ব্রাঞ্চের কাকলি মহিলা সমিতির নারী উদ্যোক্তা
লিমা আক্তারের নকশি কাঁথা তৈরি।




কার্যক্রম নিয়ে সংস্থার চেয়ারম্যান, নির্বাহী কমিটির সদস্য এবং
নির্বাহী পরিচালক সহ উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা।



কালামৃধা ব্রাঞ্চ অফিসে ব্রাঞ্চ ম্যানেজার, ফিল্ড অফিসার সহ
এরিয়া ম্যানেজারের ইফতার আয়োজন।



প্রধান কার্যালয়ঃ বাড়ী # ২৯, রোড # ১, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৫
House # 29, Road # 1, Dhanmondi R/A, Dhaka-1205
Tel: 9671587, e-mail: carsa95@yahoo.com, www.carsa-bd.org